প্রতিবাদী—মহাশয়! এই ভীষ্মপর্বেরই প্রথম অধ্যায় পর্য্যালোচনা করিলে বোধ হয় আপনি এরূপ অসামঞ্জস্যের অবতারণা করিতেন না। উভয়পক্ষ মিলিত হইয়া যুদ্ধের প্রারম্ভে যে সকল নিয়ম করিয়াছিলেন, তাহা ভীষ্মপর্বের প্রথম অধ্যায়ে লিখিত আছে; তাহার মধ্যে এই কথাটুকুও আছে যে, "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" অর্থাৎ 'আমরা বলিয়া কহিয়া বিপক্ষের উপরে প্রহার করিব এবং কোন বিপক্ষ বিশ্বস্ত বা বিহ্বল থাকিলে, তাহার উপরে প্রহার করিব না'। সুতরাং কৃষ্ণ ও অর্জ্জুনের এইরূপ দৃঢ় বিশ্বাসই ছিল যে, আমাদিগকে না জানাইয়া কেহই প্রহার করিবে না। অতএব কৃষ্ণ ও অর্জ্জুন উভয়েই তখনও নিরুদ্বেগ ছিলেন বলিয়া তাঁহাদের অধ্যাত্মবিষয়ের আলোচনাও সম্ভবপর হইয়াছিল।

প্রক্ষিপ্তবাদী—মহাশয়! আসামিপক্ষের অনেক উকীলেরই মনে মনে এমন প্রতিজ্ঞা থাকে যে, 'আমার মক্কেল দোষীই হউন আর নির্দোষই হউন, আমি তাঁহাকে নির্দোষ বলিয়াই প্রতিপন্ন করিব' আপনারও যদি সেইরূপই প্রতিজ্ঞা থাকে যে, আমি গীতাকে মূলগ্রন্থ বলিয়াই প্রতিপন্ন করিব, তাহা হইলে আমার আর আলোচনার প্রয়োজন নাই।

প্রতিবাদী—'গ্রন্থকার জীবিত নাই বা উপস্থিত নাই, গ্রন্থ নিজেও অচেতন পদার্থ বলিয়া কোন প্রতিবাদ করিতে পারিবে না। সুতরাং এই সুযোগে গবেষকনাম বাহির করিয়া লই' এইরূপ ইচ্ছার বশবর্ত্তী হইয়া আপনারাও যদি মূলগ্রন্থ গীতাকে প্রক্ষিপ্ত বলিতে চান, তাহা হইলে আমারও বিবাদে প্রয়োজন নাই। তবে, সর্বপ্রযত্নে গীতাকে মূলগ্রন্থ বলিয়াই প্রতিপন্ন করিতে হইবে এরূপ কোন প্রতিজ্ঞা আমার নাই বা সেরূপ ইচ্ছাও নাই।

প্রক্ষিপ্তবাদী—তাহা হইলে বলুন দেখি, যে দুর্য্যোধন বাল্যকাল হইতেই বিদ্বেষের বশবর্ত্তী হইয়া বিষপ্রয়োগ, জলে নিক্ষেপ এবং অগ্নিতে দগ্ধ করিয়া মারিয়া ফেলিবার চেষ্টা করিয়াছে, সেই দুর্য্যোধনপ্রভৃতিরই "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" এই কথাটুকুর উপরে বিশ্বাস করিয়া ঐরূপ সময়ে কৃষ্ণ ও অর্জ্জুনের মত লোকচরিত্রাভিজ্ঞ বুদ্ধিমান্ লোকদের অন্যমনস্ক হওয়া কি সম্ভবপর হয়?

প্রতিবাদী—অবশ্যই হয়। কেন না, সে সময়ে অসাধারণ ধার্ম্মিক ভীষ্ম কৌরবপক্ষের প্রধান সেনাপতি ছিলেন এবং তিনিও সেই নিয়মপ্রবর্ত্তকদের মধ্যে অন্যতম ছিলেন। সুতরাং তাঁহার আদেশ ব্যতীত কৌরবপক্ষের কাহারও কিছু করিবার ক্ষমতা ছিল না। তা'র পর কৃষ্ণ ও অর্জ্জুন কচি খোকা ছিলেন না। উভয়েই অতিরথ ও অদ্বিতীয় মহাবীর ছিলেন একথা সকলেই জানিত। অতএব দৌড়াইয়া যাইয়া তাঁহাদিগকে সংহার করিবার সাহস বা তীর ছুটাইয়া মারিয়া ফেলিবার ভরসা কাহারও হয় নাই, কিংবা তাঁহারাও সেরূপ আশঙ্কা করেন নাই। তাই তাঁহাদের গীতার আলোচনায় অন্যমনস্ক হওয়া অসম্ভব হয় নাই।

প্রক্ষিপ্তবাদী—আচ্ছা যাউক। পুরাণরচয়িতা বেদব্যাস চিরকালই সাপের গল্প ও ব্যাঙের গল্প প্রভৃতিই লিখিয়া আসিয়াছেন, এ অবস্থায় তিনি যে গীতার মত সমস্ত সম্প্রদায়ের উপযোগী মূল্যবান্ গ্রন্থ রচনা করিতে পারিয়াছিলেন, ইহা কি করিয়া বিশ্বাস করিতে পারি?

প্রতিবাদী—এইবার আধুনিক রুচির অনুরূপ কথাই বলিয়া ফেলিয়াছেন।

প্রক্ষিপ্তবাদী—আপনার সেকেলে ধরণের কথা শুনিব বলিয়া।

প্রতিবাদী—মহাশয়! সে কাল যে হিন্দুর স্বুবর্ণযুগ ছিল, তাহা জানেন? সে যাহা হউক, বেদব্যাস কেবল পুরাণই রচনা করিয়া যান নাই, তিনি অধ্যাত্মবিষয়ের চরম গ্রন্থ বেদান্তদর্শন এবং পাতঞ্জলভাষ্যপ্রভৃতিও লিখিয়া গিয়াছেন।

প্রক্ষিপ্তবাদী—তবে কি আপনি মনে করেন যে, বেদব্যাস একজনই ছিলেন?

প্রতিবাদী—বেদব্যাস একজন বা অনেক জন ছিলেন, এবিষয় লইয়া আলোচনা করা এ প্রবন্ধের উদ্দেশ্য নহে; তবে এই মাত্র বলিতে পারি যে, এই মহাভারতেরই উদ্‌যোগপর্ব্বে 'সানৎসুজাত-'নামে যে অধ্যাত্মশাস্ত্র দেখিতে পাই, তাহা যদি বেদব্যাস রচনা করিতে পারিয়া থাকেন, তবে এই গীতাও যে তিনি রচনা করিতে পারিয়াছিলেন, এবিষয়ে কোন সন্দেহ নাই; বেদব্যাসের মত জ্ঞানী লেখক ভারতবর্ষে আর কেহ জন্মিয়াছিলেন বলিয়াও মনে হয় না।

প্রক্ষিপ্তবাদী—সে যাহা হউক। শুনিতে পাই—জাভাদ্বীপের মহাভারতে নাকি ভগবদ্গীতা নাই। সুতরাং ভগবদ্গীতা যদি মহাভারতের মৌলিক অংশই হইত, তবে জাভাদ্বীপের মহাভারতেও তাহা অবশ্যই থাকিত।

প্রতিবাদী—অবশ্যই থাকিত একথা বলিতে পারেন না। কারণ, জাভাদ্বীপবাসীরা প্রথমে হিন্দু ছিল, মধ্যে বৌদ্ধ হইয়াছিল, পরে মুসলমান হইয়াছে। এ অবস্থায় তাহারা যখন হিন্দু ছিল, তখন তাহাদের মহাভারতে ভগবদ্গীতা ছিল বলিয়াই মনে করা যাইতে পারে; তা'র পর তাহারা যখন বৌদ্ধ এবং মুসলমান হইয়াছিল, সম্ভবতঃ তখন তাহাদের মহাভারত হইতে গীতা এবং ঐরূপ ঈশ্বরের মূর্ত্তিবোধক অংশগুলি নিষ্কাশিত হইয়াছিল। কেন না, বৌদ্ধ ও মুসলমানদের মতে ঈশ্বরের মূর্ত্তি নাই; অথচ ভগবদ্গীতার বক্তা কৃষ্ণ আপনাকে বহু স্থানে ঈশ্বর বলিয়া প্রকাশ করিয়াছেন এবং অর্জ্জুনকে বিশ্বরূপ দেখাইয়া তাহা প্রমাণিতও করিয়াছেন, আবার পার্থসারথিমূর্ত্তিতে সকলের দৃষ্টিগোচরও হইয়াছেন। এ ক্ষেত্রে বৌদ্ধ ও মুসলমানদের ঐ গীতা যে বিরক্তিকর হইবে, তাহাতে আর সন্দেহ কি?। আর এক কথা, জাভাদ্বীপের ভাষায় সে দেশের মহাভারতের যখন অনুবাদ হইয়াছিল, তদবধি তাহাদের মহাভারতে বহু উপাখ্যান নূতন প্রবেশ করিয়াছে, অনেক বিষয় নিষ্কাশিত হইয়াছে এবং বহু স্থান অত্যন্ত বিকৃত হইয়াছে। এ অবস্থায় সে দেশের মহাভারতে গীতা না থাকিলেও তাহা গীতার অমৌলিকতা প্রমাণিত করিতে পারে না।

প্রক্ষিপ্তবাদী—ভাল; গীতার মৌলিকতাসম্বন্ধে আপনি কোন নির্দোষ যুক্তি দেখাইতে পারেন কি?

প্রতিবাদী—অবশ্যই পারি। মহাভারতের পূর্ব্বাপর স্থানগুলি পর্য্যালোচনা করিয়া দেখিলে দেখা যাইবে যে, অন্যান্য স্থানে যেরূপ ভাষা, যেমন ভাব, যে প্রকার ছন্দ এবং যে জাতীয় অপাণিনীয় (আর্ষ) প্রয়োগ আছে, গীতাতেও সেইরূপই সে সমস্ত আছে।

প্রক্ষিপ্তবাদী—এ সকল বিষয়ে যথেষ্ট মতভেদও আছে।

প্রতিবাদী—থা'ক; শঙ্করাচার্য্য, শ্রীধরস্বামী ও মধুসূদনসরস্বতীপ্রভৃতি যোগী মহাপুরুষগণ নিঃশঙ্কচিত্তেই এই গীতার ভাষ্য ও টীকা রচনা করিয়া গিয়াছেন; ইহাতেও গীতার মৌলিকতাই প্রমাণিত হয়।

প্রক্ষিপ্তবাদী—গীতা প্রক্ষিপ্ত বা মৌলিকগ্রন্থ এ বিষয়ে শঙ্করপ্রভৃতি কোন অনুসন্ধান করিয়াছিলেন বলিয়া মনে হয় না। কারণ, তাহা করিয়া থাকিলে, শ্রীধরস্বামী যেমন শ্রীমদ্ভাগবতের প্রথমে তাহার মহাপুরাণত্ব স্থাপনের চেষ্টা করিয়া গিয়াছেন, সেইরূপ গীতার প্রারম্ভেও শঙ্করপ্রভৃতির—অন্ততঃ শ্রীধরস্বামীর কিছু লেখা থাকিত। সুতরাং উঁহাদের ভাষ্য ও টীকা থাকায় এইমাত্র প্রমাণিত হয় যে, উঁহাদের সময়ে মহাভারতে গীতা ছিল।

প্রতিবাদী—তা'র পর গীতায় যে সকল আধ্যাত্মিক শ্লোক আছে, তাহার প্রায় শ্লোকই মহাভারতের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রসঙ্গে উল্লিখিত রহিয়াছে।

প্রক্ষিপ্তবাদী—ভাল, তাহা হইলে অবশ্যই একথা বলা যায় যে, মহাভারতরচনার পরে কোন বিশিষ্ট বিদ্বান্ লোক মহাভারতের সেই সকল স্থান হইতে আধ্যাত্মিক শ্লোকগুলিকে একত্র করিয়া, মধ্যে মধ্যে নিজেও কিছু কিছু লিখিয়া, 'ভগবদ্গীতা'নাম দিয়া ভীষ্মপর্ব্বে সন্নিবেশিত করিয়া গিয়াছেন।

প্রতিবাদী—তাহাও হইতে পারে না। কারণ, মহাভারতের আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়টীর নাম—'পর্ব্বসংগ্রহ অধ্যায়'। তাহাতে—কোন্ পর্ব্বে কতগুলি অধ্যায়, কতগুলি শ্লোক, কতগুলি উপপর্ব্ব এবং কি কি বৃত্তান্ত আছে, তাহা মহর্ষি বেদব্যাস নিজেই সূচীপত্রের ভাবে লিখিয়া রাখিয়া গিয়াছেন; তাহাতে দেখিতে পাই—

"পর্ব্বোক্তং ভগবদ্গীতা পর্ব্ব ভীষ্মবধস্ততঃ"

ইহার পরে আবার লেখা আছে—

"কশ্মলং যত্র পার্থস্য বাসুদেবো মহামতিঃ।
মোহজং নাশয়ামাস হেতুভির্মোক্ষদর্শিভিঃ॥"

তা'র পর আবার আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে স্বয়ং কৃষ্ণই অর্জ্জুনের নিকটে বলিয়াছেন—

"পূর্ব্বমপ্যেতদেবোক্তং যুদ্ধকাল উপস্থিতে।
ময়া তব মহাবাহো! তস্মাদত্র মনঃ কুরু॥"

(বঙ্গবাসীর পুস্তকে ও কুম্ভঘোণমের পুস্তকে আশ্বমেধিকপর্বে অনুগীতাপ্রকরণে ৫১ অধ্যায়ে ৪৯ শ্লোক) অতএব বেদব্যাস আদিপর্ব্বে ভগবদ্গীতাকে একটী উপপর্ব্ব বলিয়াছেন এবং তাহার বৃত্তান্ত লিখিয়াছেন, আবার কৃষ্ণ আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে অর্জ্জুনকে সেই ভগবদ্গীতার বিষয়ই স্মরণ করাইয়া দিয়াছেন; এ অবস্থায় কোন রূপেই ভগবদ্গীতাকে সংগ্রহগ্রন্থ কিংবা প্রক্ষিপ্ত বলা যায় না।

প্রক্ষিপ্তবাদী—(ঈষৎ হাস্য করিয়া) যদি সেই অংশগুলিকেও প্রক্ষিপ্ত বলি?

প্রতিবাদী—তাহা হইলে, সম্পূর্ণ মহাভারতটাকেই কিংবা নিজেকেই প্রক্ষিপ্ত বলিয়া আমাকে নিষ্কৃতি দিয়া যান।

———:*:———

শ্রীমদ্ভগবদ্গীতা ।

প্রথমোঽধ্যায়ঃ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্বত সঞ্জয় ! ॥১॥

ভারতকৌমুদী

নম্বত্র প্রথমাধ্যায়ে লেশতোঽপ্যধ্যাত্মবিষয়াভাবাৎ কথমস্যোপনিষদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বমিতি চেৎ, সত্যম্, অধ্যাত্মবিষয়াবতারণকারণত্বাদেবাস্য তদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বম্, প্রস্তাবনায়া নাটকাদিশরীরত্ববৎ ।

ধর্ম্মেতি । হে সঞ্জয় ! ধর্ম্মক্ষেত্রে মহাতীর্থতয়া ধর্ম্মস্থানে, কুরুক্ষেত্রে তদাখ্যে মহাবিশাল-স্থানে, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছব এব, সমবেতাঃ সম্মিলিতাঃ, মামকা মৎপুত্রাঃ পাণ্ডবাশ্চৈব, কিমকুর্বত যুদ্ধবিষয় এব কিং কৃতবন্তঃ, কিং বাগ্‌যুদ্ধমেব প্রথমং কৃতবন্তঃ ? আহোস্বিদায়ুধ-যুদ্ধমিত্যর্থঃ । অতো যুযুৎসবঃ কিমকুর্বতেতি প্রশ্নস্য নানুপপত্তিঃ । "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ । পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ ॥" ইতি প্রাগুক্ত-বচনাৎ সম্মুখহতানাং ক্ষত্রিয়াণাং সর্ব্বত্রৈব সদ্গতিঃ, ধর্ম্মক্ষেত্রে তু পরাঙ্মুখহতানামপি, ইত্যেতৎপ্রদর্শনেন কুরুক্ষেত্রস্য ধর্ম্মক্ষেত্রতয়া যুদ্ধস্থানত্বানুমোদনার্থং ধর্ম্মক্ষেত্র ইতি বিশেষণম্ ।

নন্থ কুরুক্ষেত্রং বিশালায়তনং তত্র যোদ্ধারশ্চাষ্টাদশাক্ষৌহিণ্যঃ সমবেতা ইতি তত্রত্যানাং তেষাং সর্ব্ববৃত্তান্তাবগমো মানুষস্যাসম্ভব এবেতি কথং সঞ্জয়ং ধৃতরাষ্ট্রঃ পৃচ্ছতি স্মেতি চেন্নৈবম্, ব্যাসেন তদানীং সঞ্জয়ং প্রতি সর্বজ্ঞত্ববরদানাৎ "চক্ষুষা সঞ্জয়ো রাজন্ ! দিব্যেনৈব সমন্বিতঃ । কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি ॥" ইতি প্রাগুক্তত্বাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

ও নমো ব্রহ্মাদিভ্যো ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্তৃভ্যো বংশঋষিভ্যো নমো গুরুভ্যঃ । প্রণম্য ভগবৎপাদান্ শ্রীধরাদীংশ্চ সদ্গুরূন্ । সম্প্রদায়ানুসারেণ গীতাব্যাখ্যাং সমারভে ॥ ভারতে সর্ব্ববেদার্থো ভারতার্থশ্চ কৃৎস্নশঃ । গীতায়ামস্তি তেনেয়ং সর্ব্বশাস্ত্রময়ী মতা ॥ কর্ম্মোপাস্তি-জ্ঞানভেদৈঃ শাস্ত্রং কাণ্ডত্রয়াত্মকম্ । অন্ত্যে তূপাসনাকাণ্ডস্তৃতীয়ো নাতিরিচ্যতে ॥ তদেষ

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! আমার পুত্রগণ ও পাণ্ডবগণ ধর্ম্মস্থান কুরুক্ষেত্রে যুদ্ধ করিবার ইচ্ছায় সমবেত হইয়া যুদ্ধবিষয়েই প্রথমে কি করিয়াছিলেন ? ॥১॥

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসংগম্য রাজা বচনমব্রবীৎ ॥২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। রাজা দুর্য্যোধনঃ, তদা উভয়সৈন্যসন্নাহকালে, পাণ্ডবানামনীকং সৈন্যম্, ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্, দৃষ্ট্বা তু, আচার্য্যং প্রধানাস্ত্রশিক্ষকং দ্রোণম্, উপসংগম্য, বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। সমরসমুদ্যমে প্রধানযোদ্ধৃণাং তুষ্টিরাবশ্যকীতি সৈনাপত্যবিধানেনৈব ভীষ্মস্য তুষ্টিঃ কৃতা, ইদানীন্তু স্বয়মুপগমেন রাজ্ঞো বিনয়ঃ তন্নিবন্ধনা দ্রোণস্য তুষ্টিশ্চ সূচিতা। দ্রোণ-কৃপয়োরুভয়োরেবাচার্য্যত্বেঽপি "ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ" ইতি পরত্রাভি-ধানাদাচার্য্যোঽত্র দ্রোণ এব ॥২॥

ভারতভাবদীপঃ

ব্রহ্ম বিদ্ধি ত্বং নেদং যদিদমুপাসতে। ইতি শ্রুত্যৈব বেদ্যস্য হ্যুপাস্যাদন্যতেরিতা ॥ ইয়মষ্টাদশা-ধ্যায়ী ক্রমাৎ ষট্‌কত্রিকেণ হি। কর্ম্মোপাস্তিজ্ঞানকাণ্ডত্রিতয়াত্মা নিগদ্যতে ॥ তত্র যুদ্ধোদ্যমং শ্রুত্বৌৎসুক্যাদগ্রিমং বৃত্তান্তং বুভুৎসুর্ধৃতরাষ্ট্র উবাচ—ধর্ম্মক্ষেত্র ইতি। তত্র বেদে তেষাং কুরুক্ষেত্রং দেবযজনমাসেতি কর্ম্মকাণ্ডপ্রসিদ্ধং কুরুক্ষেত্রমন্যৎ। "অবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমিত্যবিমুক্তাখ্যং ব্রহ্মপ্রাপ্তিস্থানভূতং কুরুক্ষেত্রমন্যৎ। ব্রহ্মসদনত্বং চাস্যত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষীভবতী"তি বাক্যশেষেণ ব্যুৎপাদিতম্ এতদ্ব্যাবৃত্ত্যর্থং ধর্ম্মক্ষেত্রে ইতি বিশেষণম্। কুরুদেশান্তরগতং হি কুরুক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রমেব ন তু তৎ ব্রহ্ম-সদনং প্রবর্গ্যকাণ্ডে তস্য ধর্ম্মক্ষেত্রত্বমাত্রশ্রবণাৎ। তত্র সমবেতাঃ মিলিতাঃ যুযুৎসবো যোদ্ধু-মিচ্ছবঃ। পাণ্ডবানাং পৃথগ্‌গ্রহণং তেষু মমত্বাভাবসূচনার্থম্ ॥১॥ ব্যূঢ়ং ব্যূহরচনয়া স্থিতম্ আচার্য্যং দ্রোণম্। রাজা দুর্য্যোধনঃ। রাজাঽব্রবীদিত্যেব সিদ্ধে বচনপদেন সংক্ষিপ্ত-বহ্বর্থত্বাদিগুণবত্ত্বং বাক্যস্য সূচ্যতে ॥২॥ দ্রুপদপুত্রেণেতি। পূর্ব্ববৈরসূচনেন ক্রোধোদ্দীপ-

---

তাৎপর্য্য—ক্ষত্রিয় সর্ব্বত্রই সম্মুখযুদ্ধে নিহত হইয়া সদ্গতি লাভ করেন ; কিন্তু ধর্ম্ম-স্থানে পরাঙ্মুখভাবে নিহত হইয়াও সেই স্থানের গুণেই সদ্গতি লাভ করিতে পারেন। অতএব যুদ্ধ যখন অবশ্যকর্ত্তব্য বলিয়াই স্থির হইয়াছিল, তখন তাহা মহাতীর্থ কুরুক্ষেত্রে আরম্ভ করাই ভাল হইয়াছে। সে যাহা হউক, উঁহারা যুদ্ধার্থী হইয়া যুদ্ধবিষয়েই প্রথম কি করিয়াছিলেন ; সঞ্জয়! তাহা তুমি বল ॥১॥

সঞ্জয় কহিলেন—'রাজা দুর্য্যোধন তখন পাণ্ডবগণের সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া দ্রোণাচার্য্যের নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

তাৎপর্য্য—যুদ্ধের সময়ে প্রধান যোদ্ধাদিগকে সন্তুষ্ট রাখাই রাজার কর্ত্তব্য। সুতরাং ভীষ্মকে সেনাপতি করাতেই তাঁহাকে সন্তুষ্ট রাখা হইয়াছে ; এখন রাজা দুর্য্যোধন নিজেই দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইয়া বিনয় প্রকাশ করিলেন এবং তাহাতে দ্রোণকেও সন্তুষ্ট করা হইল। না হইলে, দ্রোণকে ডাকিতেও পারিতেন ॥২॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্ত্রাণামাচার্য্য ! মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্ত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥৩॥
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥৪॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥৫॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রোণমুত্তেজয়তি পশ্যেতি। হে আচার্য্য ! অস্ত্রশিক্ষক ! তব শিষ্যেণ ছাত্ত্রেণ, ধীমতা বুদ্ধিমতা, দ্রুপদপুত্ত্রেণ ধৃষ্টদ্যুম্নেন, ব্যূঢ়াং ব্যূহরূপেণ স্থাপিতাম্, পাণ্ডুপুত্ত্রাণাম্, এতাং মহতীং প্রশস্তাম্, চমূং সেনাং পশ্য। ধীমান্ শিষ্যঃ কদাচিদ্গুরুতুল্যো গুরোরধিকো বা ভবতি। তেন চ রচিতো ব্যূহঃ প্রশস্ত এব সঞ্জাতঃ; বিশেষতশ্চাসৌ ধৃষ্টদ্যুম্নস্তব শত্রোর্দ্রুপদস্যৈব পুত্ত্রস্ত্বদ্বধার্থমুৎপন্নশ্চ। অতস্ত্বয়া পাণ্ডবস্নেহাদ্যুদ্ধে উদাসীনেন ন ভাব্যং সাবধানেন স্থাতব্যং গরীয়ান্ ক্রোধশ্চ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩॥

পাণ্ডবচমূমহত্ত্বং সূচয়তি অত্রেতি। অত্র চম্বাম্, যুধি যুদ্ধে, ভীমার্জ্জুনাভ্যাং সমাস্তুল্যাঃ, ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ, করণে ঘঞ্, মহান্ত ইষ্বাসা ধনূংষি যেষাং তে মহাধনুর্দ্ধরা ইত্যর্থঃ, শূরা বীরাঃ সন্তীতি শেষঃ। কে তে ইত্যাহ যুযুধান ইত্যাদি। যুযুধানঃ সাত্যকিঃ, বিরাটদ্রুপদৌ প্রসিদ্ধৌ, মহারথলক্ষণং প্রাগুক্তম্ (উদ্যোগপর্ব্বণি ১৪১৩ পৃষ্ঠে ভারতকৌমুদীটীকায়াম্), ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্ত্রঃ, চেকিতানঃ কেকয়রাজপুত্ত্রঃ, বীর্য্যবান্ কাশীরাজশ্চ, পুরুজিৎ রাজবিশেষঃ, কুন্তিভোজশ্চ রাজা, নরপুঙ্গবঃ শৈব্যশ্চ রাজা, বিক্রান্তো যুধামন্যুশ্চ বীর্য্যবান্ উত্তমৌজাশ্চ পাঞ্চালদেশীয়ৌ, সৌভদ্রঃ সুভদ্রাপুত্ত্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্ত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ, চকারাদ্ঘটোৎকচাদয়শ্চ, এতে সর্ব্ব এব মহারথাঃ পাণ্ডবসেনায়াং সন্তীতি শেষঃ। অতঃ পাণ্ডবচমূমহত্ত্বান্মহোৎসাহেনৈব ভবদ্ভির্যোদ্ধব্যমিত্যাশয়ঃ।

'আচার্য্য ! আপনি পাণ্ডবগণের এই মহাসেনার প্রতি দৃষ্টিপাত করুন; দ্রুপদরাজার পুত্র এবং আপনার বুদ্ধিমান্ শিষ্য ধৃষ্টদ্যুম্ন এই সেনাকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়াছেন ॥৩॥

তাৎপর্য্য—আচার্য্য ! দ্রুপদরাজা আপনার চিরশত্রু; এই ধৃষ্টদ্যুম্ন তাঁহারই পুত্র এবং আপনার বধের জন্যই উৎপন্ন হইয়াছেন; বিশেষতঃ এই ধৃষ্টদ্যুম্ন আপনার বুদ্ধিমান্ শিষ্য বলিয়া যুদ্ধে আপনারই তুল্য হইয়াছেন; আর ব্যূহটাকেও সুন্দর করিয়া সাজাইয়াছেন। সুতরাং আপনি পাণ্ডবগণের স্নেহে, বিশেষতঃ অর্জ্জুনের প্রতি গুরুতর স্নেহবশতঃ যুদ্ধে উদাসীন থাকিতে পারিবেন না, বিশেষ সতর্ক হইয়া বিশেষ উৎসাহ সহকারেই আপনার যুদ্ধ করা কর্ত্তব্য ॥৩॥

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম!।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭॥
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥৮॥

ভারতকৌমুদী

অত্র সঙ্গীতোকয়াধ্যাহর্ত্তব্যয়া ক্রিয়য়া ত্রয়াণাং শ্লোকানামন্বয়াদ্বিশেষকং নামেদং মেলনম্। তথা চ সাহিত্যদর্পণঃ—"ছন্দোবদ্ধপদং পদ্যং তেনৈকেন চ মুক্তকম্। দ্বাভ্যান্তু যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকম্। কলাপকং চতুর্ভিঃ স্যাত্তদূর্দ্ধং কুলকং স্মৃতম্॥" ॥৪—৬॥

তর্হি কিং তব সেনা পাণ্ডবসেনাতো নিকৃষ্টেত্যাহ অস্মাকমিতি। হে দ্বিজোত্তম! ব্রাহ্মণশ্রেষ্ঠ! অস্মাকং পক্ষে তু যে যোদ্ধারো বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ, তান্ নিবোধ শৃণু। কিঞ্চ মম সৈন্যস্য যে নায়কাঃ পরিচালকাঃ, তে তব, সংজ্ঞার্থং তেষাং সম্যগ্‌জ্ঞানার্থম্, তান্ ব্রবীমি। অতো মৎসেনায়া নিকর্ষাশঙ্কা ন কার্য্যেতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নার্থং বিশেষণম্ ॥৩॥ মহেষ্বাসাঃ মহান্ত ইষ্বাসাঃ ধনূংষি যেষাং তে। যুযুধানঃ সাত্যকিঃ। দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ ॥৪॥ ধৃষ্টকেত্বাদয়ঃ ষট্ ॥৫॥ যুধামন্যূত্তমৌজসৌ সৌভদ্রোঽভিমন্যুঃ পঞ্চ দ্রৌপদেয়াঃ প্রতিবিন্ধ্যাদয়শ্চেত্যষ্টৌ। চকারাৎ পাণ্ডবা ঘটোৎকচাদয়শ্চাতিপ্রসিদ্ধা গ্রাহ্যাঃ। সর্বেঽপি মহারথা এব। তল্লক্ষণন্তু—"একো দশসহস্রাণি যোধয়েদ্‌যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স বৈ প্রোক্তো মহারথঃ॥ অমিতান্ যোধয়েদ্‌যস্তু সম্প্রোক্তোঽতিরথস্তু সঃ। রথস্ত্বেকেন যোদ্ধা স্যাত্তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥" ইতি ॥৬॥ বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ। নিবোধ বুধ্যস্ব। ভৌবাদিকস্ত

যুদ্ধে ভীম ও অর্জ্জুনের তুল্য অনেক মহাধনুর্দ্ধর বীর এই সৈন্যমধ্যে রহিয়াছেন। যথা—মহারথ সাত্যকি, বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ এবং ঘটোৎকচপ্রভৃতি, ইহারা, সকলেই মহারথ ॥৪—৬॥

তাৎপর্য্য—অতএব আচার্য্য! আপনাদের সকলেরই বিশেষ উৎসাহের সহিত যুদ্ধ করিতে হইবে ॥৪—৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমাদের পক্ষে যে সকল শ্রেষ্ঠ যোদ্ধা আছেন, আপনি তাঁহাদের নাম শ্রবণ করুন; আর আমার সৈন্যের যাঁহারা পরিচালক হইয়াছেন, আপনার পরিচয়ের জন্য তাঁহাদের নামও আমি বলিতেছি—॥৭॥

তাৎপর্য্য—অতএব আপনি পাণ্ডবসৈন্য অপেক্ষা আমার সৈন্যকে নিকৃষ্ট মনে করিবেন না ॥৭॥

---

(৮)...সৌমদত্তিস্তথৈব চ—দাক্ষিণাত্যপুস্তকবিশেষে পাঠঃ।

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥৯॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥১০॥

ভারতকৌমুদী

অথ কে তে ইত্যাহ ভবানিতি। সমিতিং যুদ্ধং জয়তীতি সমিতিঞ্জয়ঃ, "নাম্নি তৃভৃ" ইত্যাদিনা খশ্, এতদ্বিশেষণঞ্চ সর্ব্বত্র সম্বধ্যতে। তেন চাস্মত্র লব্ধজয়া অত্রাপি জেষ্যন্তীতি ভাবঃ। ভবান্ দ্রোণঃ, ভীষ্মশ্চ, কর্ণশ্চ। ভীষ্মেণ কর্ণঃ শস্ত্রং ত্যাজিতোঽপি ভীষ্মানন্তরমসৌ যোৎস্যত এবেতি সোঽপি গ্রাহ্য ইত্যাশয়ঃ। কৃপশ্চ, অশ্বত্থামা, বিকর্ণশ্চ স্বভ্রাতা, সোমদত্তস্যা-পত্যমিতি সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, জয়দ্রথশ্চ। এতে বিশিষ্টা ইতি ভাবঃ ॥৮॥

নন্থ তথাপি পাণ্ডবপক্ষীয়বিশিষ্টাপেক্ষয়া স্বৎপক্ষীয়া বিশিষ্টা অল্পা ইত্যাহ অন্য ইতি। অন্যে শৈল্যকৃতবর্ম্মাদয়ো বহবঃ শূরাশ্চ, মদর্থে, ত্যক্তানি ত্যাগায়োদ্যতানি জীবিতানি জীবনানি যৈস্তে তাদৃশাঃ। সর্ব্ব এব চ তে, নানা বহুবিধানি শস্ত্রাণি সন্নিধৌ হিংসাসাধনানি শূলাদীনি প্রহরণানি বাণাদীন্যস্ত্রাণি চ যেষাং তে, যুদ্ধবিশারদাশ্চ ॥৯॥

অপি চাহ অপর্য্যাপ্তমিতি। অস্মাকং তদেতৎ বলং সৈন্যম্, পরিত আপ্তং প্রাপ্তুং শক্যমিতি পর্য্যাপ্তমল্পং ন পর্য্যাপ্তমপর্য্যাপ্তম্। একাদশাক্ষৌহিণীসংখ্যকত্বাদধিকমিত্যর্থঃ, ভীষ্মেণ অভি সর্ব্বতো রক্ষিতঞ্চ। কিন্তু এতেষাং পাণ্ডবানাম্, ইদং বলং সৈন্যম্, পর্য্যাপ্তং সপ্তাক্ষৌহিণী-পরিমিতত্বাদল্পম্, ভীমেন অভিরক্ষিতঞ্চ। একতো মৎসৈন্যং সংখ্যয়াধিকম্, দ্বিতীয়তো মহাবুদ্ধিনা ভীষ্মেণাভিরক্ষিতঞ্চ; পাণ্ডবসৈন্যন্তু একতঃ সংখ্যয়াল্পম্, দ্বিতীয়তশ্চপলবুদ্ধিনা ভীমেনাভিরক্ষিতঞ্চ। অতোঽস্মাকং জয় এবাবশ্যম্ভাবীতি ভাবঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

পরস্মৈপদিনো বুধেরিদং রূপম্। সংজ্ঞার্থম্ অস্মৎপক্ষেঽপি শূরাঃ সন্তীতি জ্ঞাপনার্থম্, পরেষু প্রাবল্যং দৃষ্টা তবোৎসাহভঙ্গো মাভূদিত্যর্থঃ ॥৭॥ বিকর্ণঃ স্বভ্রাতা। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। জয়দ্রথপদস্থানে তথৈব চেতি ক্বচিৎ পাঠঃ ॥৮॥ অন্যে শল্যকৃতবর্ম্মপ্রভৃতয়ঃ। শস্ত্রাণি বিদারকাণি খড়্গাদীনি, প্রহরণানি কেবলং প্রহারার্থানি গদাদীনি নানাবিধানি যেষাং তে নানাশস্ত্রপ্রহরণাঃ ॥৯॥ পর্য্যাপ্তং পরিত আপ্তং পরিবেষ্টিতং পাণ্ডবসৈন্যং হি সপ্তাক্ষৌহিণী-

---

যুদ্ধবিজয়ী আপনি, ভীষ্ম, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ, ভূরিশ্রবা এবং জয়দ্রথ (ইহারা বিশিষ্ট) ॥৮॥

তাৎপর্য্য—ইহারা অনেক যুদ্ধে জয় লাভ করিয়াছেন; সুতরাং এ যুদ্ধেও যে জয় লাভ করিবেন, এরূপ আশা করা যায় ॥৮॥

শল্য ও কৃতবর্ম্মপ্রভৃতি আরও বহুতর বীর আমার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছেন এবং তাঁহারা সকলেই নানাবিধ অস্ত্রশস্ত্রধারী ও যুদ্ধে সুনিপুণ ॥৯॥

তাৎপর্য্য—অতএব তাঁহারা প্রাণপণেই যুদ্ধ করিবেন, এইরূপই আশা করি ॥৯॥

অয়নেষু চ সর্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব এব হি ॥১১॥
তস্য সংজ্ঞনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥১২॥

ভারতকৌমুদী

ইদানীং কর্ত্তব্যমাহ অয়নেম্বিতি। এব হি শব্দদ্বয়মত্যন্তাবধারণং সূচয়তি, "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ" ইত্যাদিবৎ। ভবন্তঃ সর্ব্ব এব হি যোদ্ধারঃ, সর্ব্বেষু চ অয়নেষু অস্মাকং ব্যূহমার্গেষু, যথাভাগং বিভক্তং স্বং স্বং স্থানমনতিক্রম্য অবস্থিতাঃ সন্তঃ, ভীষ্মমেব অভিরক্ষন্তু। পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চ যথা পরো ন হন্যাৎ তথা রক্ষিতঃ সর্ব্বাগ্রবর্ত্তী সেনাপতির্ভীষ্মঃ স্বপক্ষং রক্ষন্ পরপক্ষং নির্বিঘ্নং হন্যাদিতি ভাবঃ। "অয়নং বর্ত্ম মার্গাধ্বপন্থানঃ পদবী সৃতিঃ" ইত্যমরঃ। অয়তে গচ্ছত্যনেনেতি অয়নং করণে ল্যুট্ ॥১১॥

এতদবসরবৃত্তান্তমাহ তস্যেতি। অস্মিন্নবসর এব কুরুষু কুরুবংশেষু বৃদ্ধঃ কুরুবৃদ্ধঃ প্রতাপবাংশ্চ, পিতামহঃ যুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাং পিতামহভ্রাতা ভীষ্মঃ, তস্য দুর্য্যোধনস্য, হর্ষমানন্দম্, সংজ্ঞনয়ন্ স্বোৎসাহসূচনেন সম্যগুৎপাদয়ন্, উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য কৃত্বা, শঙ্খং দধ্মৌ বাদয়ামাস। সেনাপতেরুৎসাহদর্শনেন রাজ্ঞ আনন্দঃ স্বত এব ভবতীতি ভাবঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মিতস্মাদল্পম্, বহুনৈকাদশাক্ষৌহিণীমিতেনাস্মৎসৈন্যেন বেষ্টয়িতুং শক্যং ন তু তদীয়েনাস্মদীয়মিত্যর্থঃ। এবঞ্চ পর্য্যাপ্তমিত্যস্য পারণীয়মিত্যর্থঃ ॥১০॥ অয়নেষু ব্যূহরচনয়া স্থিতে সৈন্যে প্রবেশমার্গেষু স্বে স্বে স্থানে স্থিতা যূয়ং যথাস্থং ভীষ্মমেবাভিরক্ষন্তু। অস্য সেনাপতেশ্চাঞ্চল্যে সর্বাহপি সেনা আকুলীভবেৎ তৎস্থৈর্য্যে স্থিরা চ ভবেদতঃ স এব রক্ষ্য ইত্যর্থঃ ॥১১॥ তদৈবং বদতো দুর্য্যোধনস্য সঞ্জয়বাক্যমিদম্। সিংহনাদমিতি ণমুলন্তম্, তেন বিনদ্যেত্যাস্যপ্রয়োগঃ

আমাদের এই সৈন্য সংখ্যায় অধিক, বিশেষতঃ ভীষ্ম ইহাকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন; আর পাণ্ডবদের এই সৈন্য সংখ্যায় অল্প এবং ভীম উহাকে রক্ষা করিতেছেন ॥১০॥

তাৎপর্য্য—আমার সৈন্য এগার অক্ষৌহিণী এবং মহাবুদ্ধি ভীষ্ম ইহাকে রক্ষা করিতেছেন; আর পাণ্ডবদের সৈন্য মাত্র সাত অক্ষৌহিণী, তাহাতে আবার একটা গোঁয়ার (ভীম) উহার রক্ষক হইয়াছে। অতএব নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥১০॥

আপনারা সকলেই আমাদের ব্যূহের সকল পথে আপন আপন নির্দ্দিষ্ট স্থানে অবস্থিত হইয়া ভীষ্মকেই সকল দিক্ হইতে রক্ষা করিতে থাকুন' ॥১১॥

তাৎপর্য্য—তৎকালে সেনাপতিরা সমস্ত সৈন্যের সম্মুখে থাকিতেন; তাহাতে ঘটনাক্রমে বিপক্ষেরা পার্শ্বে বা পিছনে আসিয়া সেই সেনাপতিগণকে আঘাত করিবার সুযোগ পাইত। এ ক্ষেত্রে সেরূপ না ঘটে এই জন্য দুর্য্যোধন প্রথমেই ভীষ্মকে রক্ষা করিবার উপদেশ দিলেন ॥১১॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥১৩॥
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ কৌরবপক্ষে শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাশ্চ তদানীন্তনা বাদ্যবিশেষাঃ, সহসা তৎক্ষণাদেব, অভ্যহন্যন্ত তত্তদ্বাদকৈরতাড্যন্ত। পরঞ্চ স শব্দঃ, তুমুল একীভূতঃ সুমহানভবৎ। ভীষ্মস্য শঙ্খনাদশ্রবণেনাবসরাবগমাৎ কৌরবপক্ষীয়াঃ সর্বে বাদকা যুগপদেব স্বং স্বং বাদ্যং বাদয়ামাসুরিত্যাশয়ঃ ॥১৩॥

তত ইতি। ততঃ, শ্বেতৈঃ, হয়ৈরশ্বৈর্যুক্তে, মহতি উত্তমে, স্যন্দনে রথে স্থিতৌ, মাধবঃ কৃষ্ণঃ, পাণ্ডবঃ কৃষ্ণসাহচর্য্যাদর্জ্জুনশ্চ উভৌ, দিব্যৌ উত্তমৌ শঙ্খৌ, প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ, বিপক্ষাণামুত্তরপ্যেনৈব স্বপক্ষোৎসাহসূচনস্য ন্যায্যত্বাদিত্যাশয়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

কম্বাদিত্বাৎ "সমূলকাষঙ্কষতি স্ম দৈত্যান্" ইত্যাদিবৎ। কুরুবৃদ্ধো ভীষ্মঃ প্রাগ্ বিরাটনগরাদৌ দৃষ্টপ্রভাবান্ পাণ্ডবান্ দৃষ্ট্বা রাজ্ঞো ভয়ং মাভূদিতি শঙ্খং দধ্মৌ। হর্ষং যুদ্ধোৎসাহং জনয়ন্ হেত্বর্থে শতৃপ্রত্যয়ঃ, হর্ষজননার্থমিত্যর্থঃ ॥১২॥ অভ্যহন্যন্ত অভিহতাঃ, কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ

কুরুকুলবৃদ্ধ প্রতাপশালী ভীষ্ম তখন দুর্য্যোধনের আনন্দ জন্মাইতে থাকিয়া উচ্চস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥১২॥

তাৎপর্য্য—সেনাপতির উৎসাহ দেখিলে, রাজার আনন্দ হওয়া স্বাভাবিক। সুতরাং ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া দুর্য্যোধন বিশেষ আনন্দিত হইলেন ॥১২॥

তদনন্তর বাদ্যবাদকেরা একদাই শঙ্খ, ভেরী, পণব, আনক ও গোমুখপ্রভৃতি বাদ্য বাজাইয়া উঠিল; তখন সেই ধ্বনি তুমুল হইয়া পড়িল ॥১৩॥

তাৎপর্য্য—কুরুপক্ষীয় বাদ্যবাদকেরা সেনাপতি ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া 'ইহাই বাদ্যধ্বনি আরম্ভ করিবার সময়' এইরূপ মনে করিয়া যুগপৎ সকল দিক্ হইতেই রণবাদ্য বাজাইতে আরম্ভ করিয়াছিল ॥১৩॥

তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত উত্তম রথে থাকিয়া উত্তম শঙ্খযুগলের ধ্বনি করিলেন ॥১৪॥

তাৎপর্য্য—উদ্যোগপর্ব্বে লিখিত আছে—কৌরবপক্ষে ভীষ্ম এবং পাণ্ডবপক্ষে অর্জ্জুন প্রধান সেনাপতি নির্বাচিত হইয়াছিলেন। সুতরাং ভীষ্ম যেমন শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ সূচনা করিলেন, অর্জ্জুনও তেমনই শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ জানাইলেন। তা'র পর কৌরবপক্ষের ন্যায় পাণ্ডবপক্ষেও প্রধান যোদ্ধারা শঙ্খধ্বনি করিয়া আপনাদের উৎসাহ প্রকাশ করিলেন ॥১৪॥

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥১৫॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥১৬॥ (যুগ্মকম্)
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ পৃথিবীপতে!।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥ (যুগ্মকম্)
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥১৯॥

ভারতকৌমুদী

কৃষ্ণার্জ্জুনশঙ্খয়োর্নামনির্দ্দেশপূর্ব্বকমন্যেষাং শঙ্খবাদনমাহ পাঞ্চেতি। হৃষীকেশঃ কৃষ্ণঃ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, ধনঞ্জয়োঽর্জ্জুনশ্চ, দেবদত্তং নাম শঙ্খম্, দধ্মৌ। ভীমং হিড়িম্ববধাদিকং কর্ম্ম যস্য স তাদৃশো বৃকোদরো ভীমশ্চ, পৌণ্ড্রং নাম মহাশঙ্খং দধ্মৌ; তথা কুন্তীপুত্রো রাজা যুধিষ্ঠিরঃ, অনন্তবিজয়ং নাম শঙ্খম্, নকুলঃ সহদেবশ্চ, সুঘোষমণিপুষ্পকৌ নাম শঙ্খৌ, যথাসংখ্যং দধ্মৌ ॥১৫—১৬॥

কাশ্য ইতি। হে পৃথিবীপতে! রাজন্! ধৃতরাষ্ট্র! পরম উত্তম ইষ্বাসো ধনুর্যস্য স তাদৃশঃ, কাশ্যঃ কাশীরাজশ্চ, মহারথঃ শিখণ্ডী চ, ধৃষ্টদ্যুম্নঃ, বিরাটশ্চ, অপরাজিতঃ সাত্যকিশ্চ দ্রুপদঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ চ, মহাবাহুঃ সৌভদ্রঃ সুভদ্রায়াঃ পুত্রোঽভিমন্যুশ্চ, এতে, সর্বশঃ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ, পৃথক্ পৃথক্, শঙ্খান্ দধ্মুঃ ॥১৭—১৮॥

স ইতি। তুমুলঃ সঙ্কীর্ণঃ, স ঘোষঃ পাণ্ডবপক্ষীয়ঃ শঙ্খনাদঃ, নভো গগনঞ্চ, পৃথিবীঞ্চ, অভ্যনুনাদয়ন্ আপূরয়ন্ সন্, ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং ত্বৎপুত্রাণাম্, হৃদয়ানি, ব্যদারয়ৎ বিদীর্ণানীবাকরোৎ, নিপাতিতানাং সর্ব্বথা দুর্ব্বলীভূতানাঞ্চ পাণ্ডবানাং মহোৎ-

---

কৃষ্ণ পাঞ্চজন্য শঙ্খ এবং অর্জ্জুন দেবদত্তনামক শঙ্খ বাজাইয়াছিলেন। ক্রমে ভীমকর্ম্মা ভীমসেন পৌণ্ড্রনামক মহাশঙ্খ, কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় শঙ্খ, নকুল সুঘোষশঙ্খ এবং সহদেব মণিপুষ্পনামক শঙ্খ বাজাইলেন ॥১৫—১৬॥

মহারাজ! তৎপরে মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, অপরাজিত সাত্যকি, দ্রুপদ, দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং মহাবাহু অভিমন্যু ইহারাও সকল দিক্ হইতে পৃথক্ পৃথক্ ভাবে শঙ্খধ্বনি করিলেন ॥১৭—১৮॥

---

(১৯)···তুমুলো ব্যনুনাদয়ন্—ইতি কুত্রচিদ্দাক্ষিণাত্যপুস্তকে পাঠঃ।

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ ॥২০॥
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে!।
অর্জ্জুন উবাচ।
সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত! ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাহাড়ম্বরপ্রকাশাদিতি ভাবঃ। অন্যেষান্তু তাদৃশবিদ্বেষাভাবায় তথেতি সূচয়িতুং ধার্ত্তরাষ্ট্রমাত্রোক্তিঃ ॥১৯॥

অথেতি। হে মহীপতে! ধৃতরাষ্ট্র! অথ ধার্ত্তরাষ্ট্রহৃদয়বেদনানন্তরম্, পাণ্ডবঃ কপিধ্বজঃ অর্জ্জুনঃ, ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ ত্বৎপুত্রান্, ব্যবস্থিতান্ যুদ্ধকরণায় বিদ্যমানান্ দৃষ্ট্বা, ধনুঃ, উদ্যম্য উত্তোল্য ধৃত্বা, শস্ত্রসম্পাতে অস্ত্রক্ষেপে, প্রবৃত্তে প্রক্রান্তে ভাবিনি, তদা হৃষীকেশং কৃষ্ণম্, ইদং বাক্যম্, আহ ব্রবীতি স্ম। কিং তদ্বাক্যমিত্যাহ সেনয়োরিত্যাদি। হে অচ্যুত! জীবেষু ন্যায্যপথাদভ্রষ্ট! কৃষ্ণ! মে মম রথম্, উভয়োঃ সেনয়োর্মধ্যে স্থাপয়। অত্র পূর্ব্বশ্লোকান্বয়িন্যা আহেতি ক্রিয়ায়াঃ পরশ্লোকে স্থিতের্যুগ্মকত্বমেব। অর্জ্জুন উবাচ ইতি বাক্যান্তরস্য মধ্যে স্থিতৌ তু গদ্যপদ্যয়োঃ সঙ্কীর্ণতামাত্রম্। ঈদৃশমুদাহরণং মহাভারতে পূর্ব্বাপরয়োর্বহুত্র দৃষ্টম্। কপিধ্বজ আহ ইত্যনেনৈব নির্ব্বাহে 'অর্জ্জুন উবাচ' ইতি পুনরুক্তিস্তু মুনেঃ স্বাভাবিকী ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

॥১৩—১৯॥ ব্যবস্থিতান্ ভয়োত্থিরতয়া বৈবম্যেণাবস্থিতান্। কপিধ্বজপাণ্ডবপদাভ্যাং ভীষণধ্বজত্বং শৌর্য্যঞ্চ প্রদৃশ্যতে ॥২০॥ হৃষীকেশং সর্ব্বেষামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকত্বেন পরচিত্তাভিজ্ঞং ন তু কঞ্চিদর্থমিতি দ্যোতনার্থং বাক্যপদম্। বাক্যমেবাহ—সেনয়োরিতি ॥২১॥

সেই তুমুল শঙ্খধ্বনি আকাশ ও পৃথিবী পরিপূর্ণ করিতে থাকিয়া ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয় যেন বিদীর্ণ করিল ॥১৯॥

তাৎপর্য্য—ধার্ত্তরাষ্ট্রগণের নানা কৌশলে পাণ্ডবগণ নির্য্যাতিত, বনবাসী ও সহায়শূন্য হইয়াছিলেন; তাহাতে তাঁহাদের হৃদয় দুর্ব্বল হইবারই সম্ভাবনা ছিল। পাণ্ডবপক্ষ হইতেই সন্ধির প্রস্তাব করায় ধার্ত্তরাষ্ট্রেরা পাণ্ডবদের সে দুর্বলতা দৃঢ়রূপেই ধারণা করিয়াছিলেন। কিন্তু এখন সেই পাণ্ডবেরাই প্রচুর সৈন্য ও যুদ্ধোপকরণ সংগ্রহ করিয়া অনুরূপ তুমুল শঙ্খনাদদ্বারা কৌরবশঙ্খনাদের উপযুক্ত প্রত্যুত্তরই দিলেন; ইহাতে পাণ্ডবদের সবলতা প্রকাশ পাওয়ায় ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয়ে নৈরাশ্য উপস্থিত হইল ॥১৯॥

রাজা! তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন ধার্ত্তরাষ্ট্রগণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিয়া ধনু উত্তোলন করিয়া অস্ত্রক্ষেপ আরম্ভ হইবার পূর্ব্বে তখন কৃষ্ণের নিকট এই কথা বলিয়াছিলেন। অর্জুন বলিলেন—'কৃষ্ণ! আমার রথখানাকে উভয় সৈন্যের মধ্যস্থানে রাখ ॥২০—২১॥

যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥২২॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥২৩॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত!।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥২৪॥

ভারতকৌমুদী

ননূভয়োঃ সেনয়োর্মধ্যে কিয়ন্তং কালং রথং স্থাপয়ামি কথং বা স্থাপয়ামীত্যাহ যাবদিতি। অহম্, যাবৎ যাবন্তং কালম্, এতান্ যোদ্ধুকামান্ সতঃ অবস্থিতান্ যোধান্, নিরীক্ষে পশ্যামি; তাবৎ স্থাপয়েত্যর্থঃ। তথাপি যাবচ্ছব্দস্য উত্তরবাক্যগতত্বেন তাবচ্ছব্দানপেক্ষণায় যুগ্মকত্বম্, "আত্মা জানাতি, যৎ পাপম্" ইতি সাহিত্যদর্পণোদাহরণবৎ। অস্মিন্ রণসমুদ্যমে যুদ্ধোদ্যোগে, কৈর্বীরৈঃ সহ ময়া যোদ্ধব্যম্। তন্নিরূপণার্থমেব নিরীক্ষণমিতি ভাবঃ ॥২২॥

উক্তপ্রায়মেবার্থং কিঞ্চিদ্বিশেষসূচনায় পুনরাহ যোৎস্যেতি। যে এতে, দুর্বুদ্ধেঃ পরদ্রব্যে লোভকরণাৎ চিরমন্যায্যাচরণাচ্চ দুষ্টমতেঃ, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, প্রিয়ং কার্য্যং কর্ত্তুমিচ্ছব ইতি প্রিয়চিকীর্ষবঃ সন্তঃ, অত্র যুদ্ধে, সমাগতাঃ, তান্ যোৎস্যমানান্ যুদ্ধং করিষ্যতো যোধান্, অহম্ অবেক্ষে পশ্যামি। যে কিল দুর্বুদ্ধের্দুর্য্যোধনস্য প্রীতিবিধানেচ্ছয়ৈব যুযুৎসবঃ, তৈঃ সহৈব ময়া সাগ্রহং যোদ্ধব্যম্, ন পুনরস্মাবসিকেচ্ছয়া যুদ্ধপ্রবৃত্তৈর্ভীষ্মাদিভিঃ সহেত্যাশয়ঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

রথস্থাপনপ্রয়োজনমাহ—যাবদিতি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ময়া সহ বা কৈর্যোদ্ধব্যমিত্যুভয়ত্র সহশব্দসম্বন্ধঃ। কে বা মাং জেতুং যতন্তে, ময়া বা কে জেতব্যা ইত্যালোচনার্থমিত্যর্থঃ ॥২২॥ যোৎস্যমানান্ ন তু শান্তিকামান্ যতো দুর্বুদ্ধেঃ প্রিয়ং চিকীর্ষন্তি তেন তেষামপি তত্তুল্যত্বং

তাৎপর্য্য—ধনু উত্তোলন করায় এ পর্য্যন্তও অর্জ্জুনের যুদ্ধপ্রবৃত্তি প্রবল ছিল ইহা সূচিত হইয়াছে ॥২০॥

যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই যোদ্ধাদিগকে আমি যে পর্য্যন্ত দেখিয়া লই, সেই পর্য্যন্ত তুমি রথখানা রাখ; এই যুদ্ধের উপক্রমে কাহাদের সহিত আমি যুদ্ধ করিব, (তাহা স্থির করা আবশ্যক) ॥২২॥

এই যাহারা দুর্বুদ্ধি দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার ইচ্ছাবশতই এই যুদ্ধে আসিয়াছে, সেই যুদ্ধার্থীদিগকে আমি একবার দেখিয়া লইব' ॥২৩॥

তাৎপর্য্য—যাহারা দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার জন্যই যুদ্ধে আসিয়াছে, তাহারাই আমাদের বাস্তবিক শত্রু; সুতরাং তাহাদের সহিতই আমি মনোযোগ সহকারে যুদ্ধ করিব। আর যাঁহারা অনিচ্ছায় যুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, সেই ভীষ্মপ্রভৃতির সহিত কেবল যুদ্ধের অভিনয় করিয়া যাইব। এই জন্যই আমার এই নিরীক্ষণ ॥২৩॥

ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ! পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥২৫॥ (যুগ্মকম্)
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৃনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৃন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥২৬॥

ভারতকৌমুদী

এবমিতি। হে ভারত! ভরতবংশ্য! ধৃতরাষ্ট্র! গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন নিয়ন্ত্রা ধর্ম্মাদৌ সর্বদা সতর্কেণার্জ্জুনেনেত্যর্থঃ, এবমুক্তঃ, হৃষীকা মায়া তস্যা ঈশো নিয়ন্তা কৃষ্ণঃ, উভয়োঃ সেনয়োর্মধ্যে, ভীষ্মদ্রোণয়োঃ প্রমুখতঃ সম্মুখে, সর্বেষাং মহীক্ষিতাং যুযুৎসূনাং রাজ্ঞাঞ্চ প্রমুখতঃ, রথোত্তমং স্থাপয়িত্বা, হে পার্থ! অর্জ্জুন! সমবেতান্ এতান্ কুরূন্ পশ্য, ইত্যর্জ্জুনমুবাচ। যেন খলু ভক্ত্যা ভগবান্ মায়েশো বশীকৃতঃ, তস্য মায়াবৃত্তিবিশেষরূপায়া নিদ্রায়া জয়ঃ সুকর এবেতি পূর্ব্বশ্লোকপূর্ব্বার্দ্ধভাবঃ ॥২৪—২৫॥

তত্রেতি। অথ, তত্র তদানীম্, পার্থঃ অর্জ্জুনঃ, উভয়োরপি সেনয়োর্যথাসম্ভবং স্থিতান্, পিতৃন্ পিতৃপর্য্যায়ান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ তৎপর্য্যায়ান্ ভীষ্মসোমদত্তাদীন্, আচার্য্যান্ দ্রোণকৃপপ্রভৃতীন্, মাতুলান্ শল্যশকুন্যাদীন্, ভ্রাতৃন্ দুর্য্যোধনাদীন্, পুত্রান্ অভিমন্যুলক্ষ্মণাদীন্, পৌত্রান্ ঘটোৎকচপুত্রাঞ্জনপর্বপ্রভৃতীন্, সখীন্ অশ্বত্থামাদীন্, শ্বশুরান্ দ্রুপদাদীন্, সুহৃদঃ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতীংশ্চ, অপশ্যৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

সূচিতম্ ॥২৩॥ রথোত্তমং স্থাপয়িত্বা উবাচেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥২৪॥ মহীক্ষিতাং পৃথিবীশ্বরাণাম্ ॥২৫॥ পিতৃন পিতৃব্যাদীন্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্। পিতামহান্ ভীষ্মাদীন্। মাতুলান্ শল্যাদীন্। ভ্রাতৃন্ দুর্য্যোধনাদীন্। পুত্রান্ লক্ষ্মণাদীন্। পৌত্রান্ লক্ষ্মণাদিপুত্রান্।

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন! অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ উভয় সৈন্যের মধ্যস্থানে ভীষ্ম, দ্রোণ এবং অন্য সকল রাজার সম্মুখে উত্তম রথখানাকে রাখিয়া অর্জ্জুনকে বলিলেন—'এই সমবেত কৌরবগণকে দর্শন কর' ॥২৪—২৫॥

তাৎপর্য্য—ভগবান্ চিৎস্বরূপ এবং মায়া জড়। সুতরাং ভগবানের অধিষ্ঠান ব্যতীত মায়া কিছুই করিতে পারে না; তাই মায়া ভগবানের অধীন, আর ভগবান্ মায়ার ঈশ্বর বা নিয়ন্তা। হৃষীকাশব্দের অর্থ—মায়া, মায়ার ঈশ—নিয়ন্তা। অতএব হৃষীকেশ—কৃষ্ণ। তা'র পর, ভগবান্ ভক্তের অধীন; (তাহার প্রমাণ এই খানেই—কৃষ্ণ অর্জ্জুনের অধীন) মায়া আবার ভগবানের অধীন; নিদ্রা সেই মায়ারই একটী বৃত্তি বা কার্য্য। সুতরাং ভগবদ্ভক্ত অর্জ্জুন যে নিদ্রাকে জয় করিবেন, তাহাতে আর সন্দেহ কি। তাই অর্জ্জুনকে 'গুড়াকেশ' (নিদ্রাবিজয়ী) বলা হইয়াছে ॥২৪॥

তাহার পর তখন অর্জ্জুন দেখিলেন—পিতৃপর্য্যায়, পিতামহপর্য্যায়, আচার্য্য,

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥২৭॥

অর্জ্জুন উবাচ। *

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ! যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥২৮॥
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাত্ত্বক্ চৈব পরিদহ্যতে ॥২৯॥

ভারতকৌমুদী

তানিতি। স কৌন্তেয়ঃ অর্জুনঃ, যুযুৎসয়া অবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্, সমীক্ষ্য দৃষ্ট্বা, পরয়া অত্যন্তয়া কৃপয়া, আবিষ্ট আশ্রিতঃ, অতএব বিষীদন্ হৃত্বঃ বিষাদঃ প্রাপ্নুবন্ সন্, ইদং বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। বন্ধুবধে বিষাদঃ স্বাভাবিক এবেতি ভাবঃ ॥২৭॥

দৃষ্ট্বেতি। হে কৃষ্ণ! যুযুৎসূন্ যোদ্ধুমিচ্ছূন্ সতঃ সমবস্থিতান্ ইমান্ স্বজনান্, দৃষ্ট্বা বিদ্যমানস্যেতি শেষঃ, মম গাত্রাণি অঙ্গানি, সীদন্তি প্রহর্ত্তব্যত্বধারণয়া অবসন্নানি ভবন্তি, মুখঞ্চ পরিশুষ্যতি শোকানলাবির্ভাবেন শুষ্কীভবতি। যেষাদরো বিধেয়ঃ, তেষ্বেব প্রহারো দেয় ইত্যবসাদহেতুরিত্যাশয়ঃ। এবমুত্তরত্রাপি ॥২৮॥

বেপথুরিতি। মে মম শরীরে, বেপথুঃ কম্পশ্চ, রোমহর্ষো রোমাঞ্চশ্চ, জায়তে। গাণ্ডীবং ধনুঃ, হস্তাৎ, স্রংসতে নিপততি, ত্বক্ চর্ম্ম চ, পরিদহ্যতে শোকানলাবির্ভাবেন সন্তপ্যতে, সর্বত্র ইমান্ দৃষ্ট্বেত্যনুবৃত্তিঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

সখীন্ অশ্বত্থামাদীন্। সুহৃদঃ কৃতবর্ম্মাদীন্ ॥২৬॥ কৃপয়া স্নেহেন, স চ স্বজনমিতি বিশেষণেন প্রদর্শ্যতে ॥২৭॥ সীদন্তি নিশ্চেষ্টানি ভবন্তি। রোমহর্ষো রোমাঞ্চঃ ॥২৮—২৯॥

মাতুলপর্য্যায়, ভ্রাতা, পুত্র, পৌত্রপর্য্যায়, সখা, শ্বশুর ও সুহৃদ্‌গণ যথাসম্ভব উভয়সৈন্যমধ্যে রহিয়াছেন ॥২৬॥

অর্জুন, উভয়সৈন্যমধ্যে অবস্থিত সেই সকল বন্ধুকে দেখিয়া অত্যন্ত দয়াবিষ্ট ও বিষণ্ণ হইয়া এই কথা বলিলেন' ॥২৭॥

তাৎপর্য্য—বন্ধুবধ করিতে হইলে, দয়া ও বিষাদ উপস্থিত হওয়া স্বাভাবিক ॥২৭॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই বন্ধুবর্গকে দেখিয়া আমার অঙ্গ সকল অবসন্ন হইতেছে এবং মুখ শুকাইয়া যাইতেছে ॥২৮॥

তাৎপর্য্য—ভক্তি, স্নেহ বা প্রণয়বশতঃ যাঁহাদের আদর করা উচিত, তাঁহাদিগকেই প্রহার করিতে হইবে; এইরূপ ধারণা হওয়াতেই অর্জুনের অবসাদ ও মুখশোষ উপস্থিত হইয়াছিল। (পরশ্লোকেও এইরূপ তাৎপর্য্যই বুঝিতে হইবে) ॥২৮॥

---

* অয়ং পাঠো দাক্ষিণাত্যপুস্তকবিশেষে নাস্তি। (২৮) দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ! যুযুৎসুং সমুপস্থিতম্‌···নি।

ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব! ॥৩০॥
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ! ন চ রাজ্যং সুখানি চ।
কিং নো রাজ্যেন গোবিন্দ! কিং ভোগৈর্জীবিতেন বা ॥৩১॥
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ।
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। অপি চেতি চার্থঃ। অহম্ অবস্থাতুং দণ্ডায়মানঃ সন্ স্থাতুমপি ন শক্নোমীব। মে মম মনশ্চ, ভ্রমতীব ঘূর্ণত ইব, উভয়ত্রাপি স্বজনহননসম্ভাবনয়া অবসাদশোকাতিশয়াগমাদিতি ভাবঃ। নহু প্রস্থাপনাস্ত্রক্ষেপাদিনা বিনাশমন্তরেণাপি জয়সম্ভবাৎ কথং তব স্বজনবিনাশাশঙ্কয়া শোকাবসাদাবিত্যাহ নিমিত্তানীতি। কেশব! বিপরীতানি প্রতিকূলানি, নিমিত্তানি বামবাহুবামনয়নস্পন্দনাদীনি দুর্লক্ষণানি, পশ্যামি অনুভবামি। অতঃ খবস্তোষামস্ত্রান্তরপ্রয়োগাদিনা স্বজনবিনাশোঽবশ্যম্ভাবীত্যাশয়ঃ ॥৩০॥

নম্বাস্তাং স্বজনবিনাশঃ, তথাপি বিজয়ো রাজ্যলাভশ্চ ভবেদিত্যাহ ন চেতি। আহবে যুদ্ধে, স্বজনম্ আত্মীয়লোকং হত্বা চ, শ্রেয়ো মঙ্গলম্, নানুপশ্যামি ভাবিত্বেন নাবগচ্ছামি, লাভাপেক্ষয়া ক্ষতেরতিরেকাদিতি ভাবঃ। অতএব হে কৃষ্ণ! স্বজনং হত্বা বিজয়ং ন কাঙ্ক্ষে নেচ্ছামি, রাজ্যং সুখানি চ, ন চ নৈব কাঙ্ক্ষে। অতএব চ হে গোবিন্দ! নঃ অস্মাকম্, রাজ্যেন কিম্, ভোগৈঃ কিম্, জীবিতেন জীবনেন বা কিং প্রয়োজনম্, কিমপি নেত্যর্থঃ, সুখাভাবাদিত্যাশয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

আমার শরীরে কম্প ও রোমাঞ্চ আবির্ভূত হইয়াছে, হস্ত হইতে গাণ্ডীবধনু নিপতিত হইতেছে এবং চর্ম্মদাহ উপস্থিত হইয়াছে ॥২৯॥

কৃষ্ণ! আমি আর যেন দাঁড়াইয়া থাকিতে পারিতেছি না এবং আমার মন যেন ঘুরিতেছে আর লক্ষণগুলিও প্রতিকূলই দেখিতেছি ॥৩০॥

তাৎপর্য্য—আত্মীয়স্বজনের বিনাশের আশঙ্কায় আমার যেন মূর্চ্ছা আসিতেছে এবং বহুতর দুর্লক্ষণ দেখিতে থাকায় সর্ব্বনাশ হইবে বলিয়াই মনে হইতেছে ॥৩০॥

কৃষ্ণ! যুদ্ধে আত্মীয় স্বজনকে বধ করিয়া আমি মঙ্গল দেখিতে পাই না। অতএব আমি জয় চাহি না, রাজ্য চাহি না এবং সুখও চাহি না। গোবিন্দ! আত্মীয় স্বজনকে বধ করিয়া আমাদের রাজ্য, ভোগ কিংবা জীবনদ্বারা কি হইবে? ॥৩১॥

তাৎপর্য্য—আত্মীয়স্বজনকে সংহার করিয়া রাজ্যলাভ করিলেও তাহাতে সুখ হইবে না ॥৩১॥

আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ।
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা ॥৩৩॥ (যুগ্মকম্)
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন!।
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিংনু মহীকৃতে ॥৩৪॥

ভারতকৌমুদী

অথ রাজ্যাদিভিঃ সুখানুৎপত্তিরেব কুত ইত্যাহ যেষামিতি। নঃ অস্মাভিঃ, যেষাম্ অর্থে নিমিত্তে, রাজ্যং ভোগাঃ সুখানি চ এতৎ সর্ব্বম্, কাঙ্ক্ষিতম্ অভিলষিতম্, তে ইমে, আচার্য্যা দ্রোণাদয়ঃ, পিতরঃ পিতৃপর্য্যায়া ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ, পুত্রাঃ পুত্রপর্য্যায়া লক্ষ্মণাদয়ঃ, তথৈব চ পিতামহাঃ পিতামহপর্য্যায়া ভীষ্মসোমদত্তাদয়ঃ, মাতুলা মাতুলপর্য্যায়াঃ শল্যশকুনিপ্রভৃতয়ঃ, শ্বশুরা দ্রুপদাদয়ঃ, পৌত্রাঃ পৌত্রপর্য্যায়া অর্জ্জুনপর্ব্বাদয়ঃ, শ্যালা ধৃষ্টদ্যুম্নাদয়ঃ, তথা সম্বন্ধিনো বৈবাহিকবিরাটাদয়শ্চ, প্রাণান্ প্রাণাশাম্, ধনানি চ ধনভোগাশাঞ্চ ত্যক্ত্বা, যুদ্ধে অবস্থিতাঃ। স্বজনৈঃ সহ সুখভোগ এব মধুরায়তে, ন পুনরেকাকিন ইতি ভাবঃ। অথবা রাজ্যাদিভি র্যাবৎ সুখম্, স্বজননাশেন ততোঽধিকং দুঃখম্। তেন চ অতিরিক্ততিক্তমিশ্রিতস্য মধুরদ্রব্যস্য ভক্ষণে তিক্তস্বাদ ইব, অতিরিক্তদুঃখসংসৃষ্টস্য সুখস্য ভোগে দুঃখানুভব এব সম্পদ্যত ইতি ভাবঃ ॥৩২—৩৩॥

এতানিতি। হে মধুসূদন! মহীকৃতে কেবলপৃথিবীরাজ্যলাভনিমিত্তম্, কিং নু বক্তব্যম্; ত্রৈলোক্যরাজ্যস্য ত্রিভুবনরাজত্বলাভস্য হেতোরপি, ঘ্নতোঽপি অস্মান্ হন্তুং

ভারতভাবদীপঃ

নিমিত্তানি লোকক্ষয়করাণি ভূমিকম্পাদীনি ॥৩০—৩২॥ শ্যালা ইতি শ্যালশব্দো দন্ত্যাদিঃ। বিজামাতুৰ্ক্তবাষাশ্যালাদিতি মন্ত্রবর্ণাৎ। শ্যালাজানাবপতীতি বা লাজা লাজতেঃ স্যং শূর্পং স্যতেরিতি যাস্কঃ ॥৩৩॥ হন্তুম্ ইচ্ছাঽপি মম ন ভবতি কিমুত হন্তুমিত্যর্থঃ। মহীকৃতে

আমরা যাঁহাদের জন্য রাজ্য, ভোগ ও সুখ কামনা করি, এই সেই আচার্য্যগণ, পিতৃপর্য্যায়, পুত্রপর্য্যায়, পিতামহপর্য্যায়, মাতুলপর্য্যায়, শ্বশুরগণ, পৌত্রপর্য্যায়, শ্যালকগণ ও অন্যান্য সম্বন্ধিগণ প্রাণ ও ধনের আশা ত্যাগ করিয়া সমরাঙ্গনে রহিয়াছেন ॥৩২—৩৩॥

তাৎপর্য্য—আত্মীয় স্বজনকে বিনাশ করিয়া রাজ্য লাভ করিলে, যতটুকু সুখ হইবে, তাহা অপেক্ষা দুঃখ হইবে অত্যন্ত অধিক। অতএব অতিরিক্ত তিক্তমিশ্রিত মিষ্টদ্রব্য ভক্ষণ করিলে যেমন তিক্ত স্বাদই পাওয়া যায়, তেমন সে রাজ্যলাভে দুঃখই অনুভূত হইবে ॥৩২—৩৩॥

মধুসূদন! ইঁহারা যদি আমাদিগকে বধ করিতে প্রবৃত্তও হন, তথাপি আমি কেবল পৃথিবীর রাজ্যের জন্য কেন—সমগ্র ত্রিভুবনের রাজ্যের জন্যও ইঁহাদিগকে বধ করিতে ইচ্ছা করি না ॥৩৪॥

নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন!।
পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

প্রবর্ত্তমানানপি, এতানাচার্য্যাদীন্, হন্তুং ন ইচ্ছামি, রাজ্যলাভসুখাপেক্ষয়া এতেষাং হনননিবন্ধনশোকদুঃখস্যাতিরেকাদিতি ভাবঃ ॥৩৪॥

অথ শত্রুবধ এবৈকং সুখমিত্যাহ নিহত্যেতি। হে জনার্দ্দন! ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ দুর্য্যোধনাদীন্, নিহত্য স্থিতানাম্, নঃ অস্মাকম্, কা নাম প্রীতিরানন্দঃ স্যাৎ, অপি তু কাপি নেত্যর্থঃ, দুর্য্যোধনদুঃশাসনয়োঃ শত্রুত্বেঽপি অন্যেষাং তাদৃশশত্রুত্বাভাবাৎ ভ্রাতৃত্বস্য তু সর্ব্বেষ্বেবাবস্থিতত্বাদিত্যাশয়ঃ। নহু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥" ইতি স্মৃত্যুক্তং ষড়্বিধমাততায়িত্বমেব যুষ্মাকং ধার্ত্তরাষ্ট্রে ষ্বস্তি। অতস্তদ্বিহননং যুক্তমেবেত্যাহ পাপমিতি। আততা বিস্তৃতবধসাধনাঃ সন্ত আয়ন্তীতি আততায়িনঃ, আততশব্দপূর্ব্বকাৎ আঙ্পূর্ব্বকাচ্চ ইণ্ধাতোর্ণিন্। তথা চ আততায়িনঃ সতোঽপি এতান্ ধার্ত্তরাষ্ট্রান্, হত্বা স্থিতান্ অস্মান্, পাপমেব কর্ত্তৃ, আশ্রয়েৎ অবলম্বেত, "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুতেরিতি ভাবঃ। অথ "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি স্মৃত্যনুমিতশ্রুতিবিরোধাদুক্তশ্রুতেরাততায়ীতরবিষয়ত্বৈব কল্পনীয়েতি চেন্মৈবম্, স্মৃতিমূলত্বেনানুমিতায়াঃ শ্রুতেরস্ফুরোধেন প্রত্যক্ষশ্রুতেঃ সঙ্কোচকল্পনায়া অন্যায্যত্বাৎ উক্তস্মৃতের্যুক্তিমূলকত্বস্যাপি সুবচত্বাচ্চ। অথবা হন্তুরপেক্ষয়া হন্তব্যাততায়িনো ন্যূনগুণকত্বে সমানগুণকত্বে বা বধবিধিঃ, অধিকগুণকত্বে তু অর্জ্জুনোক্তপাপাশ্রয়ত্বম্, অধিকগুণবধে সর্ব্বত্র পাপাধিক্যদর্শনাৎ। অতএব দারাপহারিত্বেনাততায়িনো রাবণস্য বধে তস্য ব্রাহ্মণপুত্রতয়া অধিকগুণত্বেন পাপোৎপত্তেস্তৎক্ষয়ার্থং রামচন্দ্রস্য অশ্বমেধাচরণম্, শস্ত্রপাণিত্বেনাততায়িনোঽপি ব্রাহ্মণত্বাদিনা অধিকগুণস্য দ্রোণস্য পিতামহত্বব্রহ্মচারিত্বাদিভিরধিকগুণস্য ভীষ্মাদের্ব্বধেন পাপোৎপত্তের্যুধিষ্ঠিরস্যাপি তত্তৎপাপক্ষয়ায়াশ্বমেধাচরণমিতি সাধীয়ান্ সিদ্ধান্তঃ। শ্রীধরস্বামী তু অর্থশাস্ত্রাদ্ধর্ম্মশাস্ত্রস্য বলবত্ত্বেনাততায়িবধেঽপি পাপমেবেত্যাহ। তথাত্বে "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্" ইতি বিধের্নির্বিষয়তাপত্তির্যুক্তিবিরোধশ্চ। নীলকণ্ঠস্তু উক্তশ্রীধরমতমেব প্রাগনুসৃত্য পশ্চাৎ "অস্মান্ হত্বা এতানাততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা" ইতি কল্পান্তরমাহ স্ম। তথাত্বে তু এতদুক্তেরেব নৈরর্থক্যাপত্তিঃ, হিংসামাত্র এব পাপাশ্রয়তায়াঃ সর্ববিদিতত্বাৎ ॥৩৫॥

তাৎপর্য্য—রাজ্যলাভে যতটুকু সুখ হইবে, তদপেক্ষা সহস্রগুণ অধিক দুঃখ হইবে ইহাদিগকে বধ করিলে। সুতরাং ইহাদিগকে বধ করিয়া আমি রাজ্য লাভ করিতে ইচ্ছা করি না ॥৩৪॥

জনার্দ্দন! ধৃতরাষ্ট্রের পুত্রগণকে বধ করিয়া আমাদের কি আনন্দই বা হইবে? বরং এই আততায়িগণকে বধ করিলে আমাদের পাপই হইবে ॥৩৫॥

তাৎপর্য্য—ধৃতরাষ্ট্রের পুত্রগণের মধ্যে কেবল দুর্য্যোধন ও দুঃশাসনই আমাদের

তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব! ॥৩৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ অধিকগুণকাততায়িবধেঽপি পাপসম্ভবাৎ, বয়ম্, বান্ধবৈঃ শকুনি-প্রভৃতিভিঃ সহেতি সবান্ধবাস্তান্ ধার্ত্তরাষ্ট্রান্, হন্তুং নার্হা ন যোগ্যাঃ। নন্বু পাপসত্ত্বেঽপি শত্রুবধেন সুখসম্ভবাৎ শ্যেনযাগাদাদিব ধার্ত্তরাষ্ট্রবধে প্রবর্ত্তস্বেত্যাহ স্বজনমিতি। হি যস্মাৎ, হে মাধব! বয়ম্, স্বজনং জ্ঞাতিং হত্বা, কথং সুখিনঃ স্যাম ভবেম, অপি তু কথমপি ন, ধার্ত্তরাষ্ট্রাণাং শত্রুত্বেঽপি জ্ঞাতিত্বেন বধনিবন্ধনসুখাপেক্ষয়া দুঃখাতিরেকস্যৈব সম্ভবাদিত্যাশয়ঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

পৃথিব্যর্থে ॥৩৫॥ আততায়িনঃ—"অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারহরশ্চৈব ষড়েতে আততায়িনঃ ॥ আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তু-র্ভবতি কশ্চন ॥" ইতি। যদ্যপ্যেবং তথাপি এতান্ হত্বা অস্মান্ পাপমেব আশ্রয়েৎ আততায়ি-বধো হি অর্থশাস্ত্রবিহিতঃ। "ন হিংস্যাৎ সর্ব্বভূতানি" ইতি তু ধর্ম্মশাস্ত্রং তচ্চ পূর্ব্বস্মাৎ প্রবলম্। যথোক্তং যাজ্ঞবল্ক্যেন—"স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্ম-শাস্ত্রমিতি স্থিতিঃ ॥" ইতি অস্মান্ হত্বা এতান্ আততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা।

নানাপ্রকার অনিষ্ট করিয়া শত্রু বলিয়া গণ্য হইয়াছে; কিন্তু অন্যেরা সেরূপ শত্রু নহে; অথ চ উহারা সকলেই আমাদের স্বজন। সুতরাং উঁহাদিগকে বধ করিলে আমাদের কোন আনন্দই হইবে না। তা'র পর যাহারা অগ্নি, বিষ ও অস্ত্রদ্বারা হত্যা করিবার চেষ্টা করে, কিংবা ধন, ভূমি ও ভার্য্যা হরণ করে, তাহা'দিগকে আততায়ী বলে। অতএব ধার্ত্তরাষ্ট্রেরা সর্বপ্রকারেই আমাদের নিকট আততায়ী বটে। সুতরাং আততায়ীকে বধ করায় কোন দোষ হয় না, এ কথা শাস্ত্রেও লিখিত আছে বটে; তবে তাহা নির্গুণ বা সমানগুণ আততায়ীর বধের বেলায়ই বুঝিতে হইবে; কিন্তু অধিকগুণবান্ আততায়ীকে বধ করিলেও পাপই হইবে। তাহার প্রমাণ—রামচন্দ্র, দারাপহারী আততায়ী রাবণকে বধ করিয়া সেই পাপক্ষয়ের জন্য অশ্বমেধযজ্ঞ করিয়াছিলেন। কেন না, রাবণ ছিলেন ব্রাহ্মণের পুত্র। সুতরাং এ ক্ষেত্রেও দ্রোণ, কৃপ, অশ্বত্থামা এবং ভীষ্ম অস্ত্র ধারণ করিয়া আমাদিগকে বধ করিতে আসায় আততায়ী হইয়াছেন বটে, তথাপি দ্রোণপ্রভৃতি ব্রাহ্মণ ও অগ্নিহোত্রী এবং ভীষ্ম—পিতামহ ও ব্রহ্মচারী। অতএব উঁহাদিগকে বধ করিলে পাপ হইবেই ॥৩৫॥

অতএব কৃষ্ণ! আমরা, বান্ধবগণের সহিত ধার্ত্তরাষ্ট্রগণকে বধ করিতে পারি না। কারণ, আমরা আত্মীয়স্বজনকে বধ করিয়া কি প্রকারে সুখী হইব? ॥৩৬॥

---

(৩৬)···ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্—ইতি দাক্ষিণাত্যপুস্তকান্তরে পাঠঃ।

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥৩৭॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ! ॥৩৮॥ (যুগ্মকম্)
কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥৩৯॥

ভারতকৌমুদী

নম্ম ধার্ত্তরাষ্ট্রাঃ কিং স্বজনবধদুঃখং ন পশ্যন্তি, যদ্যুষ্মাকং বধে প্রবর্ত্তন্ত ইত্যাহ যদ্যপীতি। হে জনার্দ্দন ! লোভেন রাজ্যলিপ্সাকর্ষণেন উপহতানি নাশিতবিবেকানি চেতাংসি যেষাং তে, এতে ধার্ত্তরাষ্ট্রাঃ, যদ্যপি, কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকং ন পশ্যন্তি ; তথাপি কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভিরস্মাভিঃ, অস্মাৎ স্বজনবধনিবন্ধনাৎ পাপাৎ নিবর্ত্তিতুম, কথং ন জ্ঞেয়ং বুদ্ধির্ন কর্ত্তব্যা, অপি ত্ববশ্যমেব জ্ঞেয়মিত্যর্থঃ, পাণ্ডবধার্ত্তরাষ্ট্রয়োর্বিশেষবৈষম্যাদিত্যাশয়ঃ ॥৩৭—৩৮॥

নম্ম কুলক্ষয়ে কো দোষ ইত্যপেক্ষায়াং ক্রমেণ মহান্তমনর্থমাহ পঞ্চভিঃ। কুলেতি। কুলক্ষয়ে যুদ্ধাদিনা কুলগতোপদেশকযুববৃদ্ধনাশে সতি, সনাতনাঃ পরম্পরাগতাঃ, কুলধর্ম্মাঃ

ভারতভাবদীপঃ

তথা চ এত এবাস্মদ্বধেন নশ্যন্তু ন তু বয়মেতেষাং বধেন নংক্ষাম ইতি ভাবঃ ॥৩৫—৩৭॥ নম্ম "আহূতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপি" ইতি "বিজিতং ক্ষত্রিয়স্য" ইতি চ যুদ্ধাদনিবৃত্তি-হিংসয়া চ বৃত্তিঃ ক্ষত্রিয়স্যেষ্টা তৎকথং যুদ্ধান্নিবৃত্তিমিচ্ছসীত্যাশঙ্ক্যাহ—কথমিতি। সা হি লোভমূলিকা স্মৃতিঃ কুলক্ষয়দোষবিধিনা বাধ্যতে। যথা—ঔদুম্বরীং স্পৃষ্টোদ্গায়েদিতি স্পর্শনবিধিনা বিরুদ্ধা সতী ঔদুম্বরী সর্ব্বা বেষ্টয়িতব্যেতি সর্ব্ববেষ্টনস্মৃতির্বাধ্যতে লোভমূলকত্বাত্তদ্বৎ। ন হি বিধিমাত্রাদ্যৎ কিঞ্চিৎ কর্ত্তব্যং শ্যেনাদীনামধর্ম্মরূপাণামপ্যবশ্যানুষ্ঠেয়ত্বাপত্তেঃ তস্মাদ্যৎ ফলতো ন দুষ্যতি তদেব বিহিতং ধর্ম্মরূপমনুষ্ঠেয়ং যথোক্তম্—"ফলতোঽপি চ যৎকর্ম্ম নানর্থেনানুবধ্যতে। কেবলং প্রীতিহেতুত্বাত্তদ্ধর্ম্ম ইতি কথ্যতে॥" ইতি। শ্যেনাদিবৎ পাপানুবন্ধিত্বাৎ যুদ্ধং ত্যাজ্যমেবেত্যর্থঃ ॥৩৮॥ প্রণশ্যন্তি অনুষ্ঠাতৄণাং বৃদ্ধানামভাবাৎ অবশিষ্টৈঃ

তাৎপর্য্য—উহারা শত্রু হইলেও স্বজন ত বটে ; সুতরাং শত্রু বলিয়া উহাদিগকে বধ করিলে যতটুকু সুখ হইবে, স্বজন বলিয়া দুঃখ হইবে তদপেক্ষা অধিক ।৩৬॥

জনার্দ্দন ! লোভে ধার্ত্তরাষ্ট্রগণের বিবেক নষ্ট হইয়াছে। সুতরাং উহারা যদিও বংশনাশের দোষ এবং মিত্রদ্রোহের পাপ দেখিতে পাইতেছে না, তথাপি আমরা ত বংশনাশের দোষ এবং মিত্রদ্রোহের পাপ দেখিতে পাই। অতএব আমরা কেন এই পাপ হইতে নিবৃত্তি পাইবার বুদ্ধি করিব না ? ॥৩৭—৩৮॥

তাৎপর্য্য—ধার্ত্তরাষ্ট্রেরা লোভের বশবর্ত্তী হইয়া পাপ করিতে প্রবৃত্ত হইয়াছে ; কিন্তু আমরা ত লোভী নহি, সুতরাং পাপ করিব কেন ? ॥৩৭—৩৮॥

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ! প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয়! জায়তে বর্ণসঙ্করঃ ॥৪০॥
সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥৪১॥

ভারতকৌমুদী

শৌচাচারাদয়ঃ, প্রণশ্যন্তি। কুলস্য ধর্ম্মে চ নষ্টে সতি, কৃৎস্নং সর্ব্বম্, কুলং কুলগতমবশিষ্টং বালকম্, অধর্ম্মঃ পাপমাগত্য, অভিভবতি আক্রামতি, উপদেশকাভাবেন স্বেচ্ছাচারাপাদিতি ভাবঃ। উতশব্দঃ পাদপূরণে ॥৩৯॥

অধর্ম্মেতি। হে কৃষ্ণ! অধর্ম্মাভিভবাৎ পাপেন কুলস্যাক্রমণাৎ কুলস্ত্রিয়ঃ, প্রদুষ্যন্তি স্বেচ্ছয়া ব্যভিচারে প্রবর্ত্তন্তে। হে বার্ষ্ণেয়! স্ত্রীষু দুষ্টাসু ব্যভিচরিতাসু সতীষু, বর্ণসঙ্করঃ আনুলোম্যেন প্রাতিলোম্যেন চ মিশ্রবর্ণো জায়তে, কামপ্রবৃত্তেঃ সবর্ণাদিনৈরপেক্ষ্যাদিত্যাশয়ঃ ॥৪০॥

সঙ্কর ইতি। সঙ্করঃ প্রাতিলোম্যেন জাতঃ অনিযুক্তায়াং স্ত্রিয়ামানুলোম্যেন জাতশ্চ মিশ্রবর্ণঃ, কুলঘ্নানাং কুলধর্ম্মনাশকানামুৎপাদকানাম্, কুলস্য কুলগতক্ষেত্রিপ্রভৃতেশ্চ, নরকায়ৈব সম্পদ্যতে। হি যস্মাৎ, এষাং তাদৃশসঙ্করাণাম্, পিতরঃ ক্ষেত্রিণো জনকাশ্চ, লুপ্তা দাতৃসঙ্করাণামনধিকারাৎ নষ্টাঃ পিণ্ডোদকয়োঃ শ্রাদ্ধতর্পণয়োঃ ক্রিয়া যেষাং তে তাদৃশাঃ সন্তঃ, পতন্তি নরকে গচ্ছন্তি। প্রাতিলোম্যেন জাতানামতিনিকর্ষেণাধিকারাভাবঃ, আনুলোম্যেনাপ্যনিযুক্তাসু জাতানাঞ্চ উপদেশাভাবেনাধিকারাভাব ইত্যভিপ্রায়ঃ। দ্বৈপায়নস্য ক্ষত্রিয়কুমার্য্যাং সত্যবত্যাং গান্ধর্ব্বপরিণয়প্রকারেণ জাতত্বাদ্ব্রাহ্মণবর্ণত্বম্। ধৃতরাষ্ট্রপাণ্ডুযুধিষ্ঠিরাদীনাঞ্চ নিযুক্তাস্বানুলোম্যেন জাতত্বাৎ ক্ষেত্রিবর্ণত্বং ক্ষেত্রজত্বঞ্চ। অত এষামসঙ্করত্বম্। এতৎপ্রমাণঞ্চ যাজ্ঞবল্ক্যস্মৃত্যাদিষনুসন্ধেয়ম্ ॥৪১॥

কুলক্ষয় হইলে, পরম্পরাপ্রাপ্ত কুলধর্ম্ম নষ্ট হইয়া যায় এবং কুলধর্ম্ম নষ্ট হইয়া গেলে পাপ আসিয়া কুলের অবশিষ্ট সকল বালককে আক্রমণ করে ॥৩৯॥

তাৎপর্য্য—যুদ্ধপ্রভৃতিদ্বারা কুলের সক্ষম পুরুষ সকল নষ্ট হইলে, অভিজ্ঞ উপদেশক লোক না থাকায় চিরাচরিত কৌলিক ধর্ম্ম থাকে না এবং কৌলিক ধর্ম্ম না থাকিলে কুলের বালকেরা ইচ্ছানুসারে পাপ করিতে থাকে ॥৩৯॥

বৃষ্ণিনন্দন কৃষ্ণ! পাপ আসিয়া আক্রমণ করিলে, কুলবধূরা অত্যন্ত দূষিত হইতে থাকে এবং কুলবধূরা অত্যন্ত দূষিত হইলেই বর্ণসঙ্কর জন্মিতে থাকে ॥৪০॥

তাৎপর্য্য—বংশে নিয়ামক কেহ নাই, স্বেচ্ছাচারিতা জন্মিয়াছে এবং প্রবল কামপ্রবৃত্তিও রহিয়াছে; এই অবস্থায় কুলবধূরা ইচ্ছানুসারে যে কোন পুরুষকে আশ্রয় করে। সুতরাং বর্ণসঙ্কর জন্মিতে থাকে ॥৪০॥

দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

দোষৈরিতি। কুলঘ্নানাং পরবংশনাশকানাং পুরুষাণাম্, এতৈর্বর্ণসঙ্করকারকৈর্দোষৈর্ব্যভিচারৈঃ, শাশ্বতাশ্চিরন্তনাঃ, জাতিধর্ম্মাঃ, কুলধর্ম্মাঃ, চকারাদাশ্রমধর্ম্মাদয়শ্চ, উৎসাদ্যন্তে বিনাশ্যন্তে; বর্ণসঙ্করাণাং জনকবর্ণাবধারণাসামর্থ্যাৎ কদাচিদতিনিকর্ষাচ্চেতি ভাবঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

বালাদিরূপং বংশং ধর্ম্মলোপাদধর্ম্মোঽভিভবতি ॥৩৯॥ ভুষ্টাসু পুত্রার্থং বর্ণসঙ্করমুপাসীনাসু ॥৪০॥ কথং তর্হি জামদগ্ন্যেন রামেণ ক্ষত্রিয়েষু হতেষু তৎস্ত্রিয়ঃ পুনঃ পুনর্ব্রাহ্মণেভ্যঃ পুত্রান্ জনয়ামাসুরিত্যুপাখ্যায়তে। কথং বা ধৃতরাষ্ট্রাদীনাম্ অসঙ্করজত্বমিত্যাশঙ্ক্যাহ—পতন্তীতি। হিশব্দো বৈদিকীং প্রসিদ্ধিং দ্যোতয়তি। "সা হি ন শেষো অগ্নে অন্যজাতমস্তি" ইতি শ্রুতিঃ। অন্যস্মাজ্জাতং শেষোঽপত্যং নাস্তীতি তদর্থঃ। অন্যোদর্য্যো মনসাঽপি ন মন্তব্যো মমায়ং পুত্র ইতি মন্ত্রবচনাচ্চ। যে যজামহ ইতি শাস্ত্রাৎ যে বয়ং স্মস্তে বয়ং যজামহ ইত্যর্থকাদৃশ্যমানস্য পিত্রাদেঃ সংশয়গ্রস্তত্বাদয়ং মম পিতৈবেতি নিশ্চয়স্য দুঃসাধ্যত্বাৎ মন্ত্রশ্চ যোঽহমস্মি স সন্ যজে ব্রাহ্মণেঽর্থবাদশ্চ ন চৈতদ্বিদ্মো ব্রাহ্মণাঃ স্মো বয়মব্রাহ্মণা বেতি। তস্মাদ্বীজপতেরেব পিণ্ডাদিপ্রাপ্তির্ন তু ক্ষেত্রপতেরিতি লুপ্তপিণ্ডোদকক্রিয়ত্বাদবশ্যং পিতৃণাং পাতো ভবতি ক্ষেত্রজপুত্রস্মৃতিস্তু ইহলোকে বংশস্থাপনমাত্রপরা ন তু তেন ক্ষেত্রপতেঃ কশ্চিদামুষ্মিক উপকারোঽস্তি উদাহৃতশ্রুতিবিরোধাৎ। অয়ঞ্চ সঙ্করোঽস্মাভিঃ স্বয়ংকৃতশ্চে-

---

সেই বর্ণসঙ্করগুলি বংশনাশক ব্যভিচারী পুরুষগণের এবং বংশের পূর্ব্বপুরুষগণের নরকভোগের জন্যই জন্মিয়া থাকে। কারণ, শ্রাদ্ধ ও তর্পণপ্রভৃতি কার্য্য লুপ্ত হওয়ায় এই বর্ণসঙ্করদিগের পিতৃলোকেরা নরকে পতিত হন ॥৪১॥

তাৎপর্য্য—উচ্চজাতীয় স্ত্রী এবং নীচজাতীয় পুরুষ এই উভয়ের স্বেচ্ছাসংযোগে যে সন্তান জন্মে, তাহাকে প্রতিলোমসঙ্কর বলে; আর উচ্চজাতীয় পুরুষ ও নীচজাতীয় স্ত্রী এই উভয়ের স্বেচ্ছাসংসর্গে যে সন্তান উৎপন্ন হয়, তাহাকে অনুলোমসঙ্কর বলে। এই দ্বিবিধ সঙ্করই অবৈধ বলিয়া পিতৃশ্রাদ্ধাদির অধিকারী হয় না। সুতরাং শ্রাদ্ধ ও তর্পণ না হওয়ায় উহাদের পিতৃলোকেরা নরকগামী হন। কিন্তু পরাশর গান্ধর্ব্ববিবাহবিধানে ক্ষত্রিয়কুমারী সত্যবতীর গর্ভে উৎপাদন করিয়াছিলেন বলিয়া দ্বৈপায়ন বেদব্যাস পিতৃসবর্ণ ব্রাহ্মণ হইয়াছিলেন; আর ভীষ্ম ও সত্যবতীর নিয়োগ অনুসারে বেদব্যাস অম্বিকা ও অম্বালিকার গর্ভে ধৃতরাষ্ট্র ও পাণ্ডুকে উৎপাদন করিয়াছিলেন এবং পাণ্ডুর নিয়োগে ধর্ম্ম, বায়ু ও ইন্দ্র কুন্তীর গর্ভে যথাক্রমে যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুনকে উৎপাদন করিয়াছিলেন; সুতরাং ইঁহারা সেই যুগধর্ম্মানুসারে বৈধ ক্ষেত্রজ পুত্র ছিলেন বলিয়া পিতৃশ্রাদ্ধাদির অধিকারীই ছিলেন ॥৪১॥

কুলনাশক ব্যভিচারী পুরুষগণের বর্ণসঙ্করকারক এই সকল দোষে চিরন্তন জাতিধর্ম্ম, কুলধর্ম্ম ও আশ্রমাদিধর্ম্ম নষ্ট হইয়া যায় ॥৪২॥

উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন!।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥৪৩॥
অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥৪৪॥
যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥৪৫॥

ভারতকৌমুদী

উৎসন্নেতি। হে জনার্দ্দন! উৎসন্না নষ্টাঃ কুলধর্ম্মা যেষাং তেষাং মনুষ্যাণাম্, নিয়তং ধ্রুবমেব নরকে বাসো ভবতি, ইতি অনুশুশ্রুম, মুনিভ্য ইতি শেষঃ, ধর্ম্মলোপে পাপক্ষয়াসম্ভবাদিত্যাশয়ঃ। উৎসন্নকুলধর্ম্মাণামিতি উৎসন্নজাতিধর্ম্মাদীনামপ্যুপলক্ষণম্ ॥৪৩॥

অহো ইতি। অহো আশ্চর্য্যে, বত খেদে। বয়ং মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতাঃ প্রবৃত্তাঃ। যদ্‌যস্মাৎ, রাজ্যসুখলোভেন স্বজনম্, আত্মীয়লোকম্, হন্তুমুদ্যতাঃ। স্বজনহননেন মহৎ পাপমেব ভবেৎ, তস্মিংশ্চ সতি রাজ্যসুখমকিঞ্চিৎকরমেবেতি ভাবঃ ॥৪৪॥

নন্বেবং বিষণ্ণং ত্বাং যদি চিরযুদ্ধনির্ঘাতনপরা ধার্ত্তরাষ্ট্রা হন্যুরিত্যাহ যদীতি। শস্ত্রপাণয়ো ধার্ত্তরাষ্ট্রাঃ, অশস্ত্রং ত্যক্তাস্ত্রম্, ন বিদ্যতে প্রতীকারো হস্তাদিনাপি আঘাতবাধা যস্য তং তাদৃশঞ্চ মাম্, যদি রণে হন্যুঃ, তর্হি তদ্‌হননম্, মে মম, ইদমনয়োঃ প্রকৃষ্টং ক্ষেমমিতি ক্ষেমতরং ময়া স্বজনহননাপেক্ষয়া বিশেষমঙ্গলং ভবেৎ, মহাপাপাভাবাদিত্যাশয়ঃ। মামিত্যেকবচনেন ভীমাদয়ো যদি যুধ্যন্তে যুধ্যন্তাং নামেতি সূচিতম্ ॥৪৫॥

তাৎপর্য্য—কোন্ জাতীয় পুরুষ উৎপাদন করিয়াছে, তাহা নিশ্চয় করিতে না পারায় বর্ণসঙ্করগণের জাতিধর্ম্মাদি স্থির করা যায় না। সুতরাং জাতিধর্ম্মাদি নষ্ট হইয়াই যায়। আর যে ক্ষেত্রে উৎপাদকের জাতি জানা যায়, সে ক্ষেত্রে বর্ণসঙ্করেরও জাতিধর্ম্মাদি স্থির হয় ॥৪২॥

কৃষ্ণ! কুলধর্ম্মপ্রভৃতি নষ্ট হইলে, নিশ্চয়ই মানুষের নরকে বাস হয়, ইহা আমরা শুনিয়াছি ॥৪৩॥

তাৎপর্য্য—ধর্ম্ম না হইলে পাপক্ষয় হয় না এবং পাপ থাকিলেই নরকে বাস হয় ॥৪৩॥

হায়! কি আশ্চর্য্য! আমরা গুরুতর পাপ করিতে প্রবৃত্ত হইয়াছি। যে হেতু রাজ্যসুখের লোভে আত্মীয় স্বজনকে বধ করিতে উদ্যত হইয়াছি ॥৪৪॥

তাৎপর্য্য—আত্মীয় স্বজনকে বধ করাতেই গুরুতর পাপ হয় ॥৪৪॥

মহারাজ! হস্তিগণের পাদরক্ষক বিশালবক্ষা যোদ্ধারা ঋষ্টি, ধনু, নির্ম্মল পরশু, গদা, মুসল, ভিন্দিপাল, তোমর, লৌহপরিঘ এবং শিলাশাণিত নির্ম্মল তরবারি ধারণ করিয়া অত্যন্তক্রুদ্ধ ও পরস্পরজিঘাংসু হইয়া নানাদিকে ধাবিত হইতে থাকিল—দেখিলাম ॥১৩—১৫॥

পরস্পরের প্রতি ধাবিত বীরগণের তরবারিগুলিকে উজ্জ্বল ও মানুষরক্তে সংসিক্ত অবস্থায় দেখা যাইতে লাগিল ॥১৬॥

বীরগণ যে সকল তরবারি নিক্ষেপ ও সঞ্চালন করিতেছিলেন, সেগুলি যাইয়া বিপক্ষগণের মর্ম্মদেশে পতিত হইতে থাকিলে, তুমুল শব্দ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! কোন কোন স্থানে সৈন্যগণ বিপক্ষগণের গদা ও মুষলের আঘাতে চূর্ণ বিচূর্ণ হইতে লাগিল, কোথাও বিশাল তরবারির প্রহারে বিদীর্ণ হইতে থাকিল, অন্যান্য স্থানে হস্তীর দন্তাঘাতে ক্ষত-বিক্ষত হইতে লাগিল

---

(১৬) ব্রাজমানাশ্চ নিস্ত্রিংশাঃ···ব্রা নি। (১৮)···মৃদিতানাঞ্চ দন্তিভিঃ—বা ব ব্রা নি।

তত্র তত্র নরৌঘানাং ক্রোশতামিতরেতরম্।
শুশ্রুবুর্দারুণা বাচঃ প্রেতানামিব ভারত ! ॥১৯॥ (যুগ্মকম্)
হয়ৈরপি হয়ারোহাশ্চামরাপীড়ধারিভিঃ।
হংসৈরিব মহাবেগৈরন্যোন্যমভিবিদ্রুতাঃ ॥২০॥
তৈর্বিমুক্তা মহাপ্রাসা জাম্বূনদবিভূষণাঃ।
আশুগা বিমলাস্তীক্ষ্ণা সংপেতুর্ভুজগোপমাঃ ॥২১॥
অশ্বৈরগ্র্যজবৈঃ কেচিদাপ্লুত্য মহতো রথাৎ।
শিরাংস্যাদদিরে বীরা রথিনামশ্বসাদিনঃ ॥২২॥
বহূনপি হয়ারোহান্ ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রথী জঘান সংপ্রাপ্য বাণগোচরমাগতান্ ॥২৩॥

ভারতকৌমুদী

গদেতি। ভগ্নাশ্চূর্ণিতাঃ, ভিন্না বিদারিতাঃ, অবভিন্নাঃ ক্ষতাঃ, অর্দ্দিতা মর্দ্দিতাঃ। ক্রোশতাং গালিং দদতাম্। প্রেতানাং বীভৎসদেবযোনিবিশেষাণাম্ ॥১৮—১৯॥

হয়ৈরিতি। হয়ৈরশ্বৈঃ, চামরাপীড়ধারিভিঃ স্বলোম্নামেব চামরশেখরযুক্তৈঃ ॥২০॥

তৈরিতি। তৈর্হয়ারোহৈঃ, মহাপ্রাসা বিশালকুন্তাঃ। আশুগা দ্রুতগামিনঃ ॥২১॥

অশ্বৈরিতি। অগ্র্যজবৈর্মহাবেগৈঃ। অশ্বসাদিনঃ অশ্বারোহিণঃ সন্তঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

রুগ্নস্তীব্রাঘাতার্ত্তঃ, ভিন্নো নিকৃত্তাঙ্গঃ, অবভিন্নঃ ক্ষতাঙ্গঃ ॥১৮॥ প্রেতানাং নারকাণাম্ ॥১৯॥ হয়ৈঃ করণভূতৈঃ চামরাপীড়াশ্চামরকলাপাস্তদ্ধারিভিঃ অতএব হংসৈরিব অভিবিদ্রুতাঃ সম্মুখমুপাগতাঃ ॥২০॥ প্রাসা হস্তক্ষেপ্যা ভল্লাঃ 'সৈস্তী'তি প্রসিদ্ধাঃ, কুন্তা ইত্যপরে।

এবং কোন কোন স্থানে হস্তিগণের চরণের নিষ্পেষণে মর্দ্দিত হইতে থাকিল; তখন তাহারা পরস্পরের প্রতি গালি দিতে লাগিল; সুতরাং প্রেতের উক্তির ন্যায় সেই দারুণ উক্তিগুলি শুনা যাইতে থাকিল ॥১৮—১৯॥

অশ্বারোহী সৈন্যেরা আপন আপন লোমেরই চামর ও শেখরধারী, মহাবেগশালী ও হংসের ন্যায় শুভ্রবর্ণ অশ্বে আরোহণ করিয়া পরস্পরের প্রতি ধাবিত হইল ॥২০॥

ক্রমে তাহারা সর্পের তুল্য দীর্ঘ, স্বর্ণভূষণে ভূষিত, নির্ম্মল, তীক্ষ্ণ ও দ্রুতগামী কুন্তসমূহ নিক্ষেপ করিতে থাকিলে, সেগুলি যাইয়া বিপক্ষদের উপরে পতিত হইতে লাগিল ॥২১॥

কতকগুলি বীর আপনাদের বিশাল রথ হইতে লাফাইয়া পড়িয়া বেগবান্ অশ্বে আরোহণ করিয়া দ্রুত যাইয়া রথারোহী বীরগণের মস্তক ছেদন করিয়া লইতে লাগিল ॥২২॥

নবমেঘপ্রতীকাশাশ্চাক্ষিপ্য তুরগান্ গজাঃ।
পাদৈরেব বিমৃদ্নন্তি মত্তাঃ কনকভূষণাঃ ॥২৪॥
পাট্যমানেষু কুম্ভেষু পার্শ্বেষ্বপি চ বারণাঃ।
প্রাসৈর্বিমথিতাঃ কেচিদ্বিনেদুঃ পরমাতুরাঃ ॥২৫॥
সাশ্বারোহান্ হয়ান্ কেচিদুন্মথ্য বরবারণাঃ।
সহসা চিক্ষিপুস্তত্র সঙ্কুলে ভৈরবে সতি ॥২৬॥
সাশ্বারোহান্ বিষাণাগ্রৈরুৎক্ষিপ্য তুরগান্ গজাঃ।
রথৌঘানভিমৃদ্নন্তঃ সধ্বজানভিচক্রমুঃ ॥২৭॥

ভারতকৌমুদী

বহূনিতি। হয়ারোহান্ অশ্বারোহিণঃ। বাণগোচরং বাণপাতস্থানম্ ॥২৩॥
নবেতি। আক্ষিপ্য উত্তোল্য ভূমৌ পাতয়িত্বা। বিমৃদ্নন্তি মর্দ্দয়ন্তি স্ম ॥২৪॥
পাট্যমানেষ্বিতি। বারণা হস্তিনঃ। প্রাসৈঃ কুন্তৈঃ। বিনেদুশ্চীৎকারং চক্রুঃ ॥২৫॥
সাশ্বেতি। উন্মথ্য নিষ্পিষ্য। তত্র সমরে, সতি প্রবর্ত্তমানে ॥২৬॥
সাশ্বেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। অভিচক্রমুর্বিচেরুঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

আশুগাঃ শীঘ্রগাঃ ॥২১॥ অগ্র্যাজবৈরুত্তমবেগৈঃ ॥২২॥ ভল্লৈর্দীর্ঘফলকৈর্ব্বাণৈঃ ॥২৩—২৫॥ সহসা বলেন অতর্কিতং বা সতি বিদ্যমানে ॥২৬॥ অভিচক্রমুঃ অভিতো বভ্রমুঃ ॥২৭॥

রথীরা নতপর্ব্ব ভল্লদ্বারা বাণপতনস্থানে আগত বহুতর অশ্বারোহীকে বধ করিতে লাগিল ॥২৩॥

নূতন মেঘের ন্যায় নীলবর্ণ ও স্বর্ণভূষণে ভূষিত মত্ত হস্তিগণ শুণ্ডদ্বারা অশ্বগুলিকে উত্তোলনপূর্ব্বক ভূতলে নিক্ষেপ করিয়া চরণদ্বারা নিষ্পেষণ করিতে থাকিল ॥২৪॥

আবার বীরেরা কুন্তদ্বারা কুম্ভদেশ ও পার্শ্বদেশ বিদারণ করিলে কতকগুলি হস্তী অত্যন্তপীড়িত হইয়া চীৎকার করিতে লাগিল ॥২৫॥

সেই ভয়ঙ্কর সঙ্কুল যুদ্ধ চলিতে থাকিলে কতকগুলি বিশাল হস্তী, আরোহীর সহিত অশ্বগুলিকে উত্তোলন করিয়া তৎক্ষণাৎ নিক্ষেপ করিতে থাকিল ॥২৬॥

অনেক হস্তী, আরোহীর সহিত অশ্বগুলিকে দন্তাগ্রে তুলিয়া লইয়া ধ্বজের সহিত বহুতর রথ মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিল ॥২৭॥

---

(২৪)···স্বপাদৈরবমৃদ্নন্তো মত্তাঃ···পি,···স্বপাদৈরবমৃদ্নন্তি···বা। (২৫)···প্রাসৈর্বিনিহতাঃ···ব্রা নি। (২৬)···কাংশ্চিদুন্মথ্য···ব্রা নি।

পুংস্ত্বাদতিমদত্বাচ্চ কেচিত্তত্র মহাগজাঃ।
সাশ্বারোহান্ হয়ান্ জঘ্নুঃ করৈঃ সচরণৈস্তথা ॥২৮॥
প্রতিমানেষু গাত্রেষু পার্শ্বেষ্বপি চ বারণান্।
আশুগা বিমলাস্তীক্ষ্ণাঃ সংপেতুর্ভুজগোপমাঃ ॥২৯॥
নরাশ্বকায়ান্ নির্ভিদ্য লৌহানি কবচানি চ।
নিপেতুর্বিমলাঃ শক্ত্যো বীরবাহুভিরর্পিতাঃ।
মহোল্কাপ্রতিমা ঘোরাস্তত্র তত্র বিশাংপতে! ॥৩০॥
দ্বীপিচর্ম্মাবনদ্ধৈশ্চ ব্যাঘ্রচর্ম্মচ্ছদৈরপি।
বিকোষৈর্বিমলৈঃ খড়্গৈরভিজঘ্নুঃ পরান্ রণে ॥৩১॥

ভারতকৌমুদী

পুংস্ত্বাদিতি। পুংস্ত্বাৎ পুংস্ত্বেন মহাবলত্বাৎ। করৈঃ শুণ্ডাভিঃ ॥২৮॥

প্রতীতি। প্রতিমানেষু ললাটেষু, "প্রতিমানমধোঽস্ত যৎ" ইত্যমরঃ। আশুগা বাণাঃ ॥২৯॥

নরেতি। শক্ত্যঃ শস্তয়ঃ। অর্পিতা নিক্ষিপ্তাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

দ্বীপীতি। দ্বীপিনো বিচিত্রা ব্যাঘ্রবিশেষাঃ। ব্যাঘ্রচর্ম্মাণ্যেব ছদা আবরণানি যেষাং তৈঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

পুংস্ত্বাদ্বীর্য্যবত্বাৎ অতিমদত্বাত্তুত্বিন্নমদত্বাৎ ॥২৮॥ প্রতিমানেষু ললাটেষু গাত্রেষু অঙ্গেষু বারণানভি গজানামভিতঃ ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া, আশুগা বাণাঃ অশ্বারোহাদিভিঃ প্রক্ষিপ্তা ইতি শেষঃ ॥২৯॥ শক্ত্যঃ শক্তয়ঃ কুৎস্না লোহদণ্ডাস্ত এব মহোল্কাপ্রতিমা ইত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥৩০॥ দ্বীপী চিত্রব্যাঘ্রঃ। বিকোষৈঃ প্রয়োগকালে। অতীতস্যাভিমুখ্যেন সর্পণং স্যাদভিপ্লুতম্।

কতকগুলি মহাহস্তী পুরুষত্বনিবন্ধন মহাবল ও অত্যন্তমত্ত বলিয়া শুণ্ড ও চরণদ্বারা আরোহীর সহিত অশ্বগুলিকে বধ করিতে থাকিল ॥২৮॥

আবার নির্ম্মল, তীক্ষ্ণ ও সর্পের তুল্য দীর্ঘ বাণ সকল যাইয়া হস্তিগণের ললাটে, গাত্রে ও পার্শ্বে পতিত হইতে লাগিল ॥২৯॥

নরনাথ! বিশাল উল্কার ন্যায় দীর্ঘ, নির্ম্মল ও ভয়ঙ্কর শক্তিসমূহ বীরগণের হস্তনিক্ষিপ্ত হইয়া মানুষ ও অশ্বের দেহ এবং লৌহকবচ ভেদ করিয়া সমরাঙ্গনের নানাস্থানে পতিত হইতে থাকিল ॥৩০॥

পূর্ব্বে যে সকল তরবারি বিচিত্র ব্যাঘ্রচর্ম্ম ও সাধারণ ব্যাঘ্রচর্ম্মের কোষের ভিতরে থাকিত, তৎকালে সেগুলিকে বাহির করিয়া তাহাদ্বারা বীরেরা যুদ্ধে বিপক্ষগণকে বধ করিতে লাগিলেন ॥৩১॥

(২৯) 'অশ্বারোহৈশ্চ সময়ে হস্তিসাদিভিরেব চ' ইতি পাদদ্বয়ং পূর্ব্বমধিকম্—বা নি।

অভিপ্লুতমভিক্রুদ্ধমেকপার্শ্বাবদারিতম্ ।
বিদর্শয়ন্তঃ সংপেতুঃ খড়্গচর্ম্মপরশ্বধৈঃ ॥৩২॥
কেচিদাক্ষিপ্য করিণঃ সাশ্বানপি রথান্ করৈঃ ।
বিকর্ষন্তো দিশঃ সর্বাঃ সংপেতুঃ সর্বশব্দগাঃ ॥৩৩॥
শঙ্কুভির্দারিতাঃ কেচিৎ সংভিন্নাশ্চ পরশ্বধৈঃ ।
হস্তিভির্ম্মর্দিতাঃ কেচিৎ ক্ষুণ্ণাশ্চান্যে তুরঙ্গমৈঃ ॥৩৪॥
রথনেমিনিকৃত্তাশ্চ নিকৃত্তাশ্চ পরশ্বধৈঃ ।
ব্যাক্রোশন্ত নরা রাজন্ ! তত্র তত্র স্ম বান্ধবান্ ॥৩৫॥
পুত্রানন্যে পিতৄনন্যে ভ্রাতৄংশ্চ সহ বন্ধুভিঃ ।
মাতুলান্ ভাগিনেয়াংশ্চ পরানপি চ সংযুগে ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অভীতি। আভিমুখ্যেন গমনমভিপ্লুতম্, ওষ্ঠদংশনপূর্বকং ধাবনমভিক্রুদ্ধম্, বামপার্শ্বে ধাবনমেকপার্শ্বাবদারিতম্, বিদর্শয়ন্তো বীরাঃ, সংপেতুঃ আচক্রমুঃ ॥৩২॥

কেচিদিতি। করৈঃ শুণ্ডাভিঃ। সর্বান্ শব্দান্ বীরনাদান্ গচ্ছন্তি অনুসরন্তীতি তে ॥৩৩॥

শঙ্কুভিরিতি। শঙ্কুভির্লৌহকীলৈঃ। রথানাং নেমিভিশ্চক্রপ্রান্তৈঃ নিকৃত্তাশ্ছিন্নাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ। ব্যাক্রোশন্ত আর্ত্তনাদমকুর্বন্। স্মশব্দঃ পাদপূরণে। সংযুগে যুদ্ধে ॥৩৪—৩৬॥

ভারতভাবদীপঃ

তদেব স্থাদভিক্রুদ্ধমোষ্ঠদংশাদিসংযুতম্। বামপক্ষাশ্রিতং যানমেকপার্শ্বাবদারিতম্। চর্ম্ম প্রহারবারণং 'ঢাল' ইতি প্রসিদ্ধং ভাষায়াম্ ॥৩১—৩২॥ আক্ষিপ্যাকৃষ্য। সর্ব্বশব্দগাঃ সর্ব্বেষামাক্ষেপ্তৄণাং শব্দমনুগচ্ছন্তি তে তথা, শঙ্কুভিঃ কীলৈঃ কণ্টকদণ্ডাদিগতৈঃ ॥৩৩—৩৪॥ ব্যাক্রোশন্ত ব্যাক্রোশং কৃতবন্তঃ, বন্ধুভিঃ সখিভিঃ ॥৩৫—৩৬॥ ভগ্নসকথা ভগ্নোরবঃ ॥৩৭॥

অনেক বীর তরবারি, ঢাল ও পরশু লইয়া সম্মুখে গমন, ওষ্ঠদংশনপূর্ব্বক গমন ও পার্শ্বে গমন দেখাইতে থাকিয়া বিপক্ষদিগকে আক্রমণ করিতে থাকিলেন ॥৩২॥

সিংহনাদপ্রভৃতি সকল শব্দের অনুসরণকারী কতকগুলি হস্তী শুণ্ডদ্বারা অশ্বের সহিতই রথগুলিকে ধারণ করিয়া আকর্ষণ করতঃ সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥৩৩॥

রাজা ! কেহ কেহ লৌহশঙ্কুদ্বারা বিদীর্ণ, কেহ কেহ পরশুদ্বারা খণ্ডিত, কেহ কেহ হস্তিচরণে মর্দ্দিত, কেহ কেহ অশ্বের খুরে ক্ষত-বিক্ষত, কেহ কেহ রথচক্রের আঘাতে ছিন্ন এবং কেহ কেহ পরশুদ্বারা আহত হইয়া সেই সেই

(৩৪) শক্তিভির্দারিতাঃ···পি। (৩৫)· ·বিক্রোশন্তি নরাঃ···পি।

বিকীর্ণান্ত্রাঃ সুবহবো ভগ্নসক্থাশ্চ ভারত!।
বাহুভিশ্চাপরে ছিন্নৈঃ পার্শ্বেষু চ বিদারিতাঃ।
ক্রন্দন্তঃ সমদৃশ্যন্ত সুভৃশং জীবিতেপ্সবঃ ॥৩৭॥
তৃষা পরিগতাঃ কেচিদল্পসত্ত্বা বিশাংপতে!।
ভূমৌ নিপতিতাঃ সংখ্যে মৃগয়াঞ্চক্রিরে জলম্ ॥৩৮॥
রুধিরৌঘপরিক্লিন্নাঃ ক্লিশ্যমানাশ্চ ভারত!।
ব্যনিন্দন্ ভৃশমাত্মানং তব পুত্রাংশ্চ সংগতান্ ॥৩৯॥
অপরে ক্ষত্রিয়াঃ শূরাঃ কৃতবৈরাঃ পরস্পরম্।
নৈব শস্ত্রং বিমুঞ্চন্তি নৈব ক্রন্দন্তি মারিষ! ॥৪০॥
তর্জয়ন্তি চ সংহৃষ্টাস্তত্র তত্র পরস্পরম্।
আদশ্য দশনৈশ্চাপি ক্রোধাৎ স্বং দশনচ্ছদম্ ॥৪১॥
ভ্রূকুটীকুটিলৈর্বক্ত্রৈঃ প্রেক্ষন্তি চ পরস্পরম্।
অপরে ক্লিশ্যমানাস্তু শরার্ত্তা ব্রণপীড়িতাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

বিকীর্ণেতি। বিকীর্ণান্ত্রা বিক্ষিপ্তনাড়ীবিশেষাঃ, ভগ্নসক্থা ভগ্নোরবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তৃষেতি। তৃষা তৃষ্ণয়া, পরিগতা আক্রান্তাঃ, অল্পসত্ত্বা দুর্ব্বলীভূতাঃ ॥৩৮॥

রুধিরেতি। আত্মানং ব্যনিন্দন্ যুদ্ধাগমনাৎ, তব পুত্রান্ যুদ্ধঘটনাৎ ॥৩৯॥

অপর ইতি। নৈব ক্রন্দন্তি ভৃশং প্রহৃতা অপি সত্ত্বাতিরেকাৎ। দশনৈর্দন্তৈঃ, দশন-

---

স্থানে বান্ধবগণকে, পুত্রগণকে, ভ্রাতৃগণকে, আত্মীয়গণকে, মাতুলগণকে, ভাগিনেয়গণকে এবং অন্যান্য লোকদিগকে আহ্বান করিতে থাকিয়া আর্ত্তনাদ করিতে লাগিল ॥৩৪—৩৬॥

ভরতনন্দন! আঁতড়ী বিক্ষিপ্ত, উরু ভগ্ন, বাহু ছিন্ন এবং পার্শ্ব বিদীর্ণ হইলেও জীবনার্থী বহুতর সৈন্যকে অতিশয় ক্রন্দন করিতে দেখা গেল ॥৩৭॥

নরনাথ! সমরাঙ্গনে নিপতিত কতকগুলি দুর্ব্বল সৈন্য তৃষ্ণার্ত হইয়া জলের অন্বেষণ করিতে লাগিল ॥৩৮॥

ভরতনন্দন! অত্যন্তপীড়িত ও রক্তাক্তদেহ বহুতর সৈন্য নিজেকে এবং আপনার (ধৃতরাষ্ট্রের) পুত্রদিগকে বিশেষ নিন্দা করিতে থাকিল ॥৩৯॥

মাননীয় মহারাজ! পরস্পর শত্রুতাকারী অপর বীর ক্ষত্রিয়েরা গুরুতর প্রহৃত হইয়াও অস্ত্রত্যাগ বা রোদন করিলেন না, বরং ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠ

---

(৩৭)···তৃষিতা জীবিতেপ্সবঃ—বা নি। (৪১)···ক্রোধাৎ স্ববদনচ্ছদম্—বা নি।

নিষ্কূজাঃ সমপদ্যন্ত দৃঢ়সত্ত্বা মহাবলাঃ।
অন্যে চ বিরথাঃ শূরা রথমন্যস্য সংযুগে ॥৪৩॥
প্রার্থয়ানা নিপতিতাঃ সংক্ষুণ্ণা বরবারণৈঃ।
অশোভন্ত মহারাজ! সপুষ্পা ইব কিংশুকাঃ ॥৪৪॥ (কুলকম্)
সংবভূবুরনীকেষু বহবো ভৈরবস্বনাঃ।
বর্ত্তমানে মহাভীমে তস্মিন্ বীরবরক্ষয়ে ॥৪৫॥
নিজঘান পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং রণে।
স্বস্রীয়ো মাতুলঞ্চাপি স্বস্রীয়ঞ্চাপি মাতুলঃ ॥৪৬॥
সখা সখায়ঞ্চ তথা সম্বন্ধী বান্ধবং তথা।
এবং যুযুধিরে তত্র কুরবঃ পাণ্ডবৈঃ সহ ॥৪৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ছন্দম্ ওষ্ঠম্। প্রেক্ষন্তি প্রেক্ষন্তে স্ম। নিষ্কূজাঃ নিঃশব্দাঃ, সমপদ্যন্ত সঞ্জাতাঃ, দৃঢ়সত্ত্বাঃ সাতিশয়যুদ্ধাধ্যবসায়াঃ। প্রার্থয়ানাঃ প্রার্থয়ন্তঃ, সংক্ষুণ্ণা ভগ্নাবয়বাঃ ॥৪০—৪৪॥

সংবভূবুরিতি। অনীকেষু সৈন্যেষু। বীরবরাণাং ক্ষয়ো যস্মিন্ তস্মিন্ ॥৪৫॥

নিজঘানেতি। স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। সম্বন্ধী শ্যালকাদিঃ ॥৪৬—৪৭॥

দংশন করিয়া হৃষ্ট হইয়া সেই সেই স্থানে থাকিয়া পরস্পর তর্জ্জন করিতেই লাগিলেন এবং ভ্রুকুটীকুটিল মুখে পরস্পর দর্শন করিতে থাকিলেন। দৃঢ় অধ্যবসায় ও মহাবলশালী অপর বীরেরা বাণপীড়িত, ক্ষতবিক্ষতদেহ ও ক্লিষ্ট হইয়া নিঃশব্দ অবস্থায় রহিলেন। আর, মহারাজ! রথশূন্য অন্য বীরেরা মহাহস্তীর আক্রমণে ভগ্নগাত্র, রক্তাক্তদেহ ও সমরাঙ্গনপতিত হইয়া অপরের রথ চাহিতে থাকিয়া পুষ্পসমন্বিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪০—৪৪॥

প্রধান প্রধান বীরনাশক সেই মহাভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, উভয়পক্ষের সৈন্যের মধ্যেই বহুতর ভীষণ শব্দ হইতে লাগিল ॥৪৫॥

সেই যুদ্ধে পিতা পুত্রকে, পুত্র পিতাকে, ভাগিনেয় মাতুলকে, মাতুল ভাগিনেয়কে, সখা সখাকে এবং সম্বন্ধী অপর সম্বন্ধীকে বধ করিতে লাগিল। এইভাবে কৌরবেরা পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪৬—৪৭॥

(৪৩)···অন্যে তু বিরথাঃ শূরাঃ···পি বা। (৪৬) অহনত্ত্ব পিতা পুত্রম্···পি বা। (৪৭)···এবমেব ক্ষয়ো বৃত্তঃ কুরবঃ···পি বা।

বর্ত্তমানে তথা তস্মিন্ নির্ম্মর্য্যাদে ভয়ানকে।
ভীষ্মমাসাদ্য পার্থানাং বাহিনী সমকম্পত ॥৪৮॥
কেতুনা পঞ্চতারেণ তালেন ভরতর্ষভ!।
রাজতেন মহাবাহুরুচ্ছ্রিতেন মহারথে।
বভৌ ভীষ্মস্তদা রাজন্! চন্দ্রমা ইব মেরুণা ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। তস্মিন্ যুদ্ধে, নির্ম্মর্য্যাদে সঙ্কুলে। পার্থানাং পাণ্ডবানাম্ ॥৪৮॥

কেতুনেতি। কেতুনা ধ্বজেন, পঞ্চ তারাস্তারাকারাণি স্বর্ণপট্টচিহ্নানি যত্র তেন, তালেন তালতরুপ্রমাণেন। রাজতেন রৌপ্যনির্ম্মিতেন, উচ্ছ্রিতেন উত্তোলিতেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তৃষা পিপাসয়া অল্পসত্ত্বা ধৈর্য্যবর্জ্জিতাঃ মৃগয়াকক্রিরে যাচন্তে ॥৩৮—৪১॥ রবনদ্ধদমোঙ্কং নিষ্কজা নিঃশব্দাঃ রথমন্ত্রস্ত গন্তং প্রার্থয়ানা মধ্যোমার্গং নিপতিতা ইতি যোজ্যম্ ॥৪২—৪৮॥ কেতুনেতি সার্দ্ধঃ; অত্র চন্দ্রকেত্বোর্মেরুসরথভীষ্ময়োশ্চোপমোপমেয়ভাবঃ ভীষ্মস্য রুক্মরথত্বাৎ ॥৪৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

সঙ্কুল ও ভয়ানক সেই যুদ্ধ চলিতে থাকিলে, পাণ্ডববাহিনী ভীষ্মকে পাইয়া কম্পিত হইতে লাগিল ॥৪৮॥

ভরতশ্রেষ্ঠ রাজা! চন্দ্র যেমন সুমেরুপর্ব্বতদ্বারা শোভা পান, সেইরূপ তৎকালে মহাবাহু ভীষ্ম আপন মহারথে থাকিয়া পঞ্চস্বর্ণতারাযুক্ত, তালতরু-প্রমাণ, রৌপ্যনির্ম্মিত ও উত্তোলিত ধ্বজদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৪৯॥

---

(৪৮) বর্ত্তমানে ভয়ে তস্মিন্ নির্মর্য্যাদে মহাহবে···পি···নির্মর্য্যাদে মহাভয়ে···বা।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে ।
বর্ত্তমানে তথা রৌদ্রে রাজন্ ! নরবরক্ষয়ে ॥১॥
দুর্ম্মুখঃ কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যো বিবিংশতিঃ ।
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ চোদিতাঃ ॥২॥ (যুগ্মকম্)
এতৈরতিরথৈর্গুপ্তঃ পঞ্চভির্ভরতর্ষভঃ ।
পাণ্ডবানামনীকানি বিজগাহে মহারথঃ ॥৩॥
চেদিকাশিকরূষেষু পাঞ্চালেষু চ ভারত ! ।
ভীষ্মস্য বহুধা তালশ্চলকেতুরদৃশ্যত ॥৪॥
স শিরাংসি রণেঽরীণাং রথাংশ্চ সযুগধ্বজান্ ।
নিচকর্ত্ত মহাবেগৈর্ভল্লৈঃ সন্নতপর্ববিঃ ॥৫॥

ভারতকৌমুদী

গতেতি । গতঃ অতিক্রান্তঃ পূর্ব্বাহ্নস্য দ্বিধাবিভক্তদিনপূর্ব্বভাগস্য ভূয়িষ্ঠো বহুলঃ অংশো যস্য তস্মিন্ । নরবরাণাং ক্ষয়ো বিনাশো যস্মিন্ তাদৃশে রণে । জুগুপুঃ ররক্ষুঃ, আসাদ্য প্রাপ্য, তব পুত্রেণ দুর্য্যোধনেন, চোদিতাঃ প্রেরিতাঃ ॥১—২॥

এতৈরিতি । গুপ্তো রক্ষিতঃ । বিজগাহে প্রবিবেশ, মহারথো ভীষ্মঃ ॥৩॥

চেদীতি । চেদ্যাদিদেশীয়সৈন্যেষিত্যর্থঃ । চলকেতুশ্চঞ্চলধ্বজঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বাহ্নের অধিক অংশ অতীত হইলে এবং প্রধান প্রধান সৈন্যনাশক সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিলে, আপনার পুত্র দুর্য্যোধনের আদেশে দুর্ম্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, শল্য ও বিবিংশতি ইঁহারা পাঁচ জন যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥১—২॥

এই পাঁচ জন অতিরথ যাইয়া রক্ষা করিতে থাকিলে, ভরতবংশশ্রেষ্ঠ ও মহারথ ভীষ্ম যাইয়া পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩॥

ভরতনন্দন ! চেদি, কাশী, করূষ ও পাঞ্চালদেশীয় সৈন্যগণের মধ্যে ভীষ্মের চঞ্চল তালধ্বজ বহুপ্রকারে দেখা যাইতে লাগিল ॥৪॥

(১)…রৌদ্রে মহাবীরবরক্ষয়ে—রা নি । (৩)…বিজগাহ মহারথঃ পি । (৫) স শিরাংসি রণে বীরঃ…পি বা ।

নৃত্যতো রথমার্গেষু ভীষ্মস্য ভরতর্ষভ !।
ভৃশমার্তস্বরং চক্রুর্নাগা মর্ম্মণি তাড়িতাঃ ॥৬॥
অভিমন্যুঃ সুসংক্রুদ্ধঃ পিশঙ্গৈস্তুরগোত্তমৈঃ।
সংযুক্তং রথমাস্থায় প্রায়াদ্ভীষ্মরথং প্রতি ॥৭॥
জাম্বূনদবিচিত্রেণ কর্ণিকারেণ কেতুনা।
অভ্যবর্ত্তত ভীষ্মঞ্চ তাংশ্চৈব রথসত্তমান্ ॥৮॥
স তালকেতোস্তীক্ষ্ণেন কেতুমাহত্য পত্রিণা।
ভীষ্মেণ যুযুধে বীরস্তস্য চানুচরৈঃ সহ ॥৯॥
কৃতবর্ম্মাণমেকেন শল্যং পঞ্চভিরাশুগৈঃ।
বিদ্ধ্বা নবভিরানর্চ্ছচ্ছিতাগ্রৈঃ প্রপিতামহম্ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীষ্মঃ। যুগৈর্দারুবিশেষৈর্ধ্বজৈশ্চ সহেতি তান্। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৫॥
নৃত্যত ইতি। নৃত্যতঃ অনবরতদেহসঞ্চালনান্নৃত্যং কুর্ব্বত ইব। নাগা হস্তিনঃ ॥৬॥
অভীতি। পিশঙ্গৈঃ পিঙ্গলবর্ণৈঃ। আস্থায় আরুহ্য, প্রায়াৎ অগচ্ছৎ ॥৭॥
জাম্বূনদেতি। কর্ণিকারেণ কর্ণিকারতরুনির্ম্মিতেন। তান্ দুর্ম্মুখাদীন্ ॥৮॥
স ইতি। তালকেতোর্ভীষ্মস্য। পত্রিণা বাণেন ॥৯॥

ভারতভাবদীপঃ

গতেতি। গতোঽতীতঃ পূর্ব্বাহ্ণস্য ভূয়িষ্ঠো ভাগো যস্মিন্নহনি ॥১—৫॥ নৃত্যতো নৃত্যমিব কুর্ব্বতঃ ॥৬॥ পিশঙ্গৈঃ পিঙ্গলৈঃ ॥৭॥ কর্ণিকারেণ কর্ণিকারকুসুমোপমেন ॥৮॥

ভীষ্ম মহাবেগশালী ও অবনতপর্ব্ব ভল্লদ্বারা যুদ্ধে শত্রুগণের মস্তক এবং যুগকাষ্ঠ ও ধ্বজের সহিত রথগুলিকে ছেদন করিতে থাকিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! তৎকালে ভীষ্ম যেন রথে থাকিয়া নৃত্য করিতে লাগিলেন, সেই অবস্থায় তাঁহার রথপথে স্থিত হস্তী সকল মর্ম্মদেশে তাড়িত হইয়া অত্যন্ত আর্ত্তনাদ করিতে লাগিল ॥৬॥

এই সময়ে অভিমন্যু অত্যন্তক্রুদ্ধ হইয়া পিঙ্গলবর্ণ-ঘোটক-যুক্ত রথে আরোহণ করিয়া ভীষ্মের রথের দিকে গমন করিলেন ॥৭॥

স্বর্ণবিচিত্র ও কর্ণিকারবৃক্ষনির্ম্মিত-ধ্বজশালী অভিমন্যু ক্রমে ভীষ্মের এবং দুর্ম্মুখপ্রভৃতি রথিশ্রেষ্ঠগণের অভিমুখবর্ত্তী হইলেন ॥৮॥

তাহার পর বীর অভিমন্যু একটা তীক্ষ্ণ বাণদ্বারা ভীষ্মের ধ্বজে আঘাত করিয়া ভীষ্ম ও তাঁহার অনুচরগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৯॥

---

(৯)…তস্য চানুরথৈঃ সহ—বা ব রা নি। (১০)…শল্যং পঞ্চভিরায়সৈঃ…পি।

পূর্ণায়তবিসৃষ্টেন সম্যক্ প্রণিহিতেন চ।
ধ্বজমেকেন বিব্যাধ জাম্বূনদপরিষ্কৃতম্ ॥১১॥
দুর্ম্মুখস্য তু ভল্লেন সর্বাবরণভেদিনা।
জহার সারথেঃ কায়াচ্ছিরঃ সন্নতপর্বণা ॥১২॥
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন কার্ত্তস্বরবিভূষিতম্।
কৃপস্য নিশিতাগ্রেণ তাংশ্চ তীক্ষ্ণমুখৈঃ শরৈঃ ॥১৩॥
জঘান পরমক্রুদ্ধো নৃত্যন্নিব মহারথঃ।
তস্য লাঘবমুদ্বীক্ষ্য তুতুষুর্দেবতা অপি ॥১৪॥
লব্ধলক্ষতয়া কার্ষ্ণেঃ সর্বে ভীষ্মমুখা রথাঃ।
সত্ত্ববন্তমমন্যন্ত সাক্ষাদিব ধনঞ্জয়ম্ ॥১৫॥

ভারতকৌমুদী

কৃতেতি। আশুগৈর্ব্বাণৈঃ। আনর্চ্ছং অবিধ্যৎ, প্রপিতামহং ভীষ্মম্ ॥১০॥

পূর্ণেতি। পূর্ণং যথা স্যাত্তথা আয়তমাকৃষ্টং যদ্ধনুস্তেন বিসৃষ্টো নিক্ষিপ্তস্তেন, সম্যক্ প্রণিহিতেন সংহিতেন, একেন শরেণ। জাম্বূনদপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্ ॥১১॥

দুর্ম্মুখস্যেতি। ভল্লেন বৃহৎফলকেন বাণবিশেষেণ ॥১২॥

ধনুরিতি। কার্ত্তস্বরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্। তান্ কৃতবর্ম্মাদীংশ্চ বিব্যাধ ॥১৩॥

জঘানেতি। জঘান সৈন্যান্। মহারথঃ অভিমন্যুঃ। লাঘবং ক্ষতাস্ত্রক্ষেপযোগ্যতাম্ ॥১৪॥

লব্ধেতি। লব্ধলক্ষতয়া লক্ষ্যভেদনৈপুণ্যদর্শনেন, কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুস্তস্য, ভীষ্মমুখা ভীষ্মপ্রভৃতয়ঃ, রথা রথিনঃ। সত্ত্ববন্তং বলবন্তম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

অন্যরথৈঃ পার্ষ্ণিগোপাদিভিঃ ॥৯—১০॥ পূর্ণায়তবিসৃষ্টেন আকর্ণাকৃষ্টত্যক্তেন, প্রণিহিতেন প্রেরিতেন ॥১১—১২॥ কার্ত্তস্বরং সুবর্ণম্, তান সর্ব্বান্ ॥১৩—১৪॥ কার্ষ্ণেঃ অভিমন্যোঃ,

---

তিনি একটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে এবং পাঁচটা বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিয়া নয়টা নিশিত বাণদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥১০॥

এবং পূর্ণাকৃষ্ট-কার্ম্মুক-নিক্ষিপ্ত ও সম্যক্ সংহিত একটা বাণদ্বারা ভীষ্মের স্বর্ণালঙ্কৃত ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥১১॥

আর সর্ব্বাবরণভেদী ও অবনতপর্ব্ব একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের সারথির দেহ হইতে মস্তক হরণ করিলেন ॥১২॥

পরে অভিমন্যু একটা নিশিত ভল্লদ্বারা কৃপাচার্য্যের স্বর্ণভূষিত ধনু ছেদন করিয়া বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা দুর্ম্মুখপ্রভৃতিকেও বিদ্ধ করিলেন ॥১৩॥

অত্যন্তক্রুদ্ধ অভিমন্যু নৃত্য করিতে থাকিয়াই যেন শত্রুসৈন্যসংহার করিতে লাগিলেন। তৎকালে তাঁহার লঘুহস্ততা দেখিয়া দেবতারাও সন্তুষ্ট হইলেন ॥১৪॥

তস্য লাঘবমার্গস্থমলাতসদৃশপ্রভম্।
দিশঃ পর্য্যপতচ্চাপং গাণ্ডীবমিব ঘোষবৎ ॥১৬॥
তমাসাদ্য মহাবেগৈর্ভীষ্মো নবভিরাশুগৈঃ।
বিব্যাধ সমরে তূর্ণমার্জ্জুনিং পরবীরহা ॥১৭॥
ধ্বজঞ্চাস্য ত্রিভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমৌজসঃ।
সারথিঞ্চ ত্রিভির্বাণৈরাজঘান যতব্রতঃ ॥১৮॥
তথৈব কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যশ্চ মারিষ!।
বিদ্ধা নাকম্পয়ৎ কার্ষ্ণিং মৈনাকমিব পর্বতম্ ॥১৯॥
স তৈঃ পরিবৃতঃ শূরো ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
ববর্ষ শরবর্ষাণি কার্ষ্ণিঃ পঞ্চ রথান্ প্রতি ॥২০॥

ভারতকৌমুদী

তস্যেতি। লাঘবমার্গস্থং লঘুহস্ততাপ্রদর্শনস্থানম্, অলাতসদৃশপ্রভম্ উল্মুকতুল্যম্ ॥১৬॥
তমিতি। আশুগৈর্বাণৈঃ। অর্জ্জুনস্যাপত্যমিত্যার্জ্জুনিস্তম্ অভিমন্যুম্ ॥১৭॥
ধ্বজমিতি। পরমৌজসো মহাতেজসোঽভিমন্যোঃ। যতব্রতঃ সংযমব্রতো ভীষ্মঃ ॥১৮॥
তথেতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। কার্ষ্ণিমভিমন্যুম্ ॥১৯॥
স ইতি। ধৃতরাষ্ট্রস্যেমে ইতি ধার্ত্তরাষ্ট্রাস্তৈঃ। পঞ্চ রথান্ দুর্ম্মুখাদীন্ ॥২০॥

এবং ভীষ্মপ্রভৃতি রথীরা অভিমন্যুর লক্ষ্যভেদনৈপুণ্য দেখিয়া তাঁহাকে সাক্ষাৎ অর্জ্জুনের তুল্য বলবান্ মনে করিলেন ॥১৫॥

গাণ্ডীবধনুর ন্যায় শব্দকারী, লঘুহস্ততা দেখাইবার স্থান এবং অগ্নিসংযুক্ত কাষ্ঠখণ্ডের ন্যায় উজ্জ্বল অভিমন্যুর ধনুখানা তৎকালে সকল দিকে ঘুরিতে লাগিল ॥১৬॥

বিপক্ষবীরহন্তা ভীষ্ম যুদ্ধে অভিমন্যুকে পাইয়া মহাবেগশালী নয়টা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৭॥

এবং চিরসংযমব্রত ভীষ্ম তিনটা ভল্লদ্বারা মহাতেজা অভিমন্যুর ধ্বজ ছেদন করিলেন, আর তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে তাড়ন করিলেন ॥১৮॥

মাননীয় রাজা! সেইরূপই কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও শল্য রাজা অভিমন্যুকে বিদ্ধ করিয়াও মৈনাকপর্ব্বতের ন্যায় তাঁহাকে বিচলিত করিতে পারিলেন না ॥১৯॥

প্রত্যুত বীর অভিমন্যু বিপক্ষ মহারথগণে পরিবেষ্টিত হইয়াও সেই দুর্ম্মুখপ্রভৃতি পাঁচ জন রথীর প্রতি বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২০॥

---

(১৭) স তমাসাদ্য বেগেন ভীষ্মঃ···পি বা। (২০) স তৈঃ পরিবৃতঃ শূরৈঃ···পি।

ততস্তেষাং মহাস্ত্রাণি সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
ননাদ বলবৎ কাৰ্ষ্ণিভীষ্মায় বিসৃজন্ শরান্ ॥২১॥
তত্রাস্য সুমহদ্রাজন্! বাহ্বোর্বলমদৃশ্যত।
যতমানস্য সমরে ভীষ্মমর্দ্দয়তঃ শরৈঃ ॥২২॥
পরাক্রান্তস্য তস্যৈবং ভীষ্মোঽপি প্রাহিণোচ্ছরান্।
স তাংশ্চিচ্ছেদ সমরে ভীষ্মচাপচ্যুতান্ শরান্ ॥২৩॥
ততো ধ্বজমমোঘেষুর্ভীষ্মস্য নবভিঃ শরৈঃ।
চিচ্ছেদ সমরে বীরস্তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥২৪॥
স রাজতো মহাস্কন্ধস্তালো হেমবিভূষিতঃ।
সৌভদ্রবিশিখৈশ্ছিন্নঃ পপাত ভুবি ভারত! ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। বলবৎ অতীব ননাদ, "বলবৎ সুষ্ঠু কিমুত স্বত্যতীব চ নির্ভরে" ইত্যমরঃ ॥২১॥

তত্রেতি। অস্য অভিমন্যোঃ। যতমানস্য যত্নবতঃ ॥২২॥

পরেতি। তস্য অভিমন্যোরুপরি। প্রাহিণোৎ প্রক্ষিপৎ ॥২৩॥

তত ইতি। অমোঘেষুঃ অব্যর্থবাণোঽভিমন্যুঃ। উচ্চুক্রুশুর্বিস্ময়ান্নেদুঃ ॥২৪॥

স ইতি। রাজতো রৌপ্যময়ঃ। তালঃ তালপ্রমাণো ধ্বজঃ ॥২৫॥

তাহার পর অর্জ্জুননন্দন অভিমন্যু বাণবর্ষণদ্বারা তাঁহাদের ভীষণ অস্ত্র সকল নিবারণ করিয়া ভীষ্মের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥২১॥

রাজা! অভিমন্যু যখন যুদ্ধে যত্নবান্ হইয়া বাণদ্বারা ভীষ্মকে পীড়ন করিতে লাগিলেন, তখন উঁহার সাতিশয় বাহুবল দেখা যাইতে লাগিল ॥২২॥

অভিমন্যু এইরূপ পরাক্রম প্রকাশ করিতে থাকিলে, ভীষ্মও তাঁহার উপরে বাণক্ষেপ করিতে থাকিলেন; তখন অভিমন্যুও যুদ্ধে ভীষ্মকার্ম্মুকনির্গত বাণগুলিকে ছেদন করিতে লাগিলেন ॥২৩॥

তৎপরে অব্যর্থবাণ বীর অভিমন্যু নয়টা বাণদ্বারা যুদ্ধে ভীষ্মের ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন; তাহাতে তত্রত্য লোকেরা বিস্ময়ে মহাকোলাহল করিয়া উঠিল ॥২৪॥

ভরতনন্দন! তখন রৌপ্যময়, মহাস্কন্ধ ও স্বর্ণভূষিত সেই তালধ্বজটা অভিমন্যুর বাণে ছিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥২৫॥

(২১)···ননাদ বলবান্ কাৰ্ষ্ণিঃ···রা নি। (২৩)···তস্যৈব··· রা নি।

তং তু সৌভদ্রবিশিখৈঃ পাতিতং ভরতর্ষভ ! ।
দৃষ্ট্বা ভীমো ননাদোচ্চৈঃ সৌভদ্রমভিহর্ষয়ন্ ॥২৬॥
অথ ভীষ্মো মহাস্ত্রাণি দিব্যানি চ বহূনি চ ।
প্রাদুশ্চক্রে মহারৌদ্রে ক্ষণে তস্মিন্ মহাবলঃ ॥২৭॥
ততঃ শরসহস্রেণ সৌভদ্রং প্রপিতামহঃ ।
অবাকিরদমেয়াত্মা তদদ্ভুতমিবাভবৎ ॥২৮॥
ততো দশ মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ ।
রক্ষার্থমভ্যধাবন্ত সৌভদ্রং ত্বরিতা রথৈঃ ॥২৯॥
বিরাটঃ সহ পুত্রেণ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
ভীমশ্চ কেকয়াশ্চৈব সাত্যকিশ্চ বিশাংপতে ! ॥৩০॥

ভারতকৌমুদী

তমিতি। সৌভদ্রবিশিখৈঃ অভিমন্যুবাণৈঃ ॥২৬॥
অথেতি। দিব্যানি স্বর্গীয়াণি ব্রাহ্মাদীনি। প্রাদুশ্চক্রে অভিমন্যোরুপরি ॥২৭॥
তত ইতি। প্রপিতামহঃ সৌভদ্রস্যৈব, স চ ভীষ্মঃ। অমেয়াত্মা অজ্ঞেয়ধৈর্য্যঃ ॥২৮॥
তত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। সৌভদ্রম্ অভি লক্ষ্যীকৃত্য ॥২৯॥
কে তে দশেত্যাহ বিরাট ইতি। পুত্রেণ উত্তরাখ্যেন। কেকয়াঃ পঞ্চ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ! সেই ভীষ্মের ধ্বজটাকে অভিমন্যুর বাণে নিপাতিত দেখিয়া ভীমসেন অভিমন্যুকে আনন্দিত করিবার জন্য উচ্চস্বরে সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৬॥

তাহার পর মহাবল ভীষ্ম সেই মহাভয়ঙ্কর সময়ে অভিমন্যুর উপরে স্বর্গীয় বহুতর মহাস্ত্র নিক্ষেপ করিলেন ॥২৭॥

তৎপরে অসাধারণ ধৈর্য্যশালী ভীষ্ম বহুসংখ্যক বাণদ্বারা অভিমন্যুকে একেবারে আবৃত করিয়া ফেলিলেন ; তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥২৮॥

তখন পাণ্ডবপক্ষের দশ জন মহাধনুর্দ্ধর মহারথ রথে আরোহণ করিয়া অভিমন্যুকে রক্ষা করিবার জন্য সত্বর তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

নরনাথ ! পুত্র উত্তরের সহিত বিরাট, পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এবং সাত্যকি (ইঁহারা সেই দশ জন) ॥৩০॥

---

(২৬) ধ্বজং সৌভদ্রবিশিখৈঃ পতন্তং ভরতর্ষভ ! । দৃষ্ট্বা ভীমোঽনদদ্‌হৃষ্টঃ···পি বা। (২৭)···দিব্যানি সুবহূনি চ···রণে তস্মিন্···স্ত্রা নি। (২৮)···অমেয়াত্মা শরাণাং নতপর্ব্বণাম্—পি।

জবেনাপততাং তেষাং ভীষ্মঃ শান্তনবো রণে।
পাঞ্চাল্যং ত্রিভিরানর্চ্ছৎ সাত্যকিং নবভিঃ শরৈঃ ॥৩১॥
পূর্ণায়তবিসৃষ্টেন ক্ষুরেণ নিশিতেন চ।
ধ্বজমেকেন চিচ্ছেদ ভীমসেনস্য পত্রিণা ॥৩২॥
জাম্বূনদময়ঃ কেতুঃ কেসরী নরসত্তম !।
পপাত ভীমসেনস্য ভীষ্মেণ মথিতো রথাৎ ॥৩৩॥
ততো ভীমস্ত্রিভির্বিদ্ধা ভীষ্মং শান্তনবং রণে।
কৃপমেকেন বিব্যাধ কৃতবর্ম্মাণমষ্টভিঃ ॥৩৪॥
প্রগৃহীতাগ্রহস্তেন বৈরাটিরপি দন্তিনা।
অভ্যদ্রবত রাজানং মদ্রাধিপতিমুত্তরঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

জবেনেতি। জবেন বেগেন, আপততামাগচ্ছতাম্। আনর্চ্ছৎ অপীড়য়ৎ ॥৩১॥
পূর্ণেতি। ক্ষুরেণ ক্ষুরধারেণ। পত্রিণা বাণেন ॥৩২॥
জাম্বূনদেতি। জাম্বূনদময়ঃ স্বর্ণখচিতঃ, কেতুর্ধ্বজঃ, কেসরী সিংহলাঞ্ছিতঃ ॥৩৩॥
তত ইতি। ত্রিভির্বাণৈঃ। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৩৪॥
প্রেতি। প্রগৃহীত উত্তোলিতঃ অগ্রহস্তঃ শুণ্ডাগ্রং যেন তেন, দন্তিনা হস্তিনা ॥৩৫॥

ভারতভাবদীপঃ

সত্ত্বস্থং বলস্থম্ ॥১৫॥ অলাতসদৃশপ্রভঃ ভ্রাম্যমাণোল্মুকসমং মণ্ডলাকারমিত্যর্থঃ ॥১৬—২৯॥ পুত্রেণোত্তরেণ ॥৩০—৩২॥ কেশরী সিংহঃ ॥৩৩—৩৪॥ প্রগৃহীতাগ্রহস্তেন কুণ্ডলীকৃত-

তাঁহারা বেগে আসিতে লাগিলে, শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে তিনটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে এবং নয়টা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৩১॥

আর তিনি আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্ত, নিশিত ও ক্ষুরধার একটা বাণদ্বারা ভীমসেনের ধ্বজ ছেদন করিলেন ॥৩২॥

নরশ্রেষ্ঠ! তখন ভীষ্মচ্ছিন্ন, স্বর্ণখচিত ও সিংহচিহ্নিত সেই ভীমসেনের ধ্বজটা তাঁহার রথ হইতে পতিত হইল ॥৩৩॥

তাহার পর ভীমসেন যুদ্ধে তিনটা বাণদ্বারা শান্তনুনন্দন ভীষ্মকে বিদ্ধ করিয়া একটা বাণদ্বারা কৃপাচার্য্যকে এবং আটটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

(৩১) তেষাং জবেনাপততাম্…রা নি। (৩৩) জাম্বূনদময়ঃ শ্রীমান্ কেসরী স নরোত্তম !…রা নি।

তস্য বারণরাজস্য বেগেনাপততো বলী।
শল্যো নিবারয়ামাস বেগমপ্রতিমং রণে ॥৩৬॥
তস্য ক্রুদ্ধঃ স নাগেন্দ্রো বৃহতঃ সাধুবাহিনঃ।
পদা যুগমধিষ্ঠায় জঘান চতুরো হয়ান্ ॥৩৭॥
স হতাশ্বে রথে তিষ্ঠন্ মদ্রাধিপতিরায়সীম্।
উত্তরান্তকরীং শক্তিং চিক্ষেপ ভুজগোপমাম্ ॥৩৮॥
তয়া ভিন্নতনুত্রাণঃ প্রবিশ্য বিপুলং তমঃ।
স পপাত গজস্কন্ধাৎ প্রমুক্তাঙ্কুশতোমরঃ ॥৩৯॥
সমাদায় চ শল্যোঽসিমবপ্লুত্য রথোত্তমাৎ।
বারণেন্দ্রস্য বিক্রম্য চিচ্ছেদাথ মহাকরম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তস্যেতি। বারণরাজস্য করীন্দ্রস্য নিবারয়ামাস শরৈরিতি শেষঃ ॥৩৬॥
তস্যেতি। তস্য শল্যস্য। বৃহতো বিশালান্, সাধুবাহিনঃ সম্যগ্রথচালকান্ ॥৩৭॥
স ইতি। আয়সীং লৌহময়ীম্। উত্তরস্য অন্তকরীং নাশজনিকাম্ ॥৩৮॥
তয়েতি। ভিন্নতনুত্রাণঃ বিদীর্ণবর্ম্মা। তমো মূর্চ্ছাম্ ॥৩৯॥
সমাদায়েতি। বারণেন্দ্রস্য করীন্দ্রস্য। মহাকরং বিশালশুণ্ডাম্ ॥৪০॥

এই সময়ে বিরাটরাজার পুত্র উত্তর উত্তোলিতশুণ্ড একটা বিশাল হস্তীতে আরোহণ করিয়া মদ্ররাজ শল্যের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

সেই মহাহস্তী বেগে আগমন করিতে লাগিলে, বলবান্ শল্যরাজা বাণদ্বারা যুদ্ধে সেই হস্তীর অতুলনীয় বেগ নিবারণ করিলেন ॥৩৬॥

তথাপি সেই মহাহস্তী আসিয়া পদদ্বারা শল্যরাজার রথের যুগকাষ্ঠের উপরে উঠিয়া তাঁহার রথের বিশাল ও সম্যক্ রথচালক চারিটা অশ্বকে বধ করিল ॥৩৭॥

সেই সময়ে মদ্ররাজ শল্য সেই হতাশ্ব রথে থাকিয়াই উত্তরের বিনাশজনক সর্পতুল্য একটা লৌহনির্ম্মিত শক্তি নিক্ষেপ করিলেন ॥৩৮॥

তখন শক্তিটা যাইয়া উত্তরের বর্ম্ম ভেদ করিয়া তাঁহাকে আঘাত করিল, উত্তর তাহাতে মূর্চ্ছিত হইয়া হস্তীর অঙ্কুশ ও তোমর (অস্ত্রবিশেষ) ত্যাগ করিয়া সেই মহাহস্তীর স্কন্ধ হইতে নিপতিত হইলেন ॥৩৯॥

তৎপরে শল্যরাজা তরবারি ধারণ করিয়া আপন রথ হইতে লাফাইয়া পড়িয়া বিক্রমপ্রকাশপূর্ব্বক সেই মহাহস্তীর মহাশুণ্ড ছেদন করিলেন ॥৪০॥

(৩৬)…জবেনাপততো রথে…অপ্রতিমং শরৈঃ—বা নি। (৪০) অসিমাদায় শল্যোঽপি অবপ্লুত্য…তস্য বারণরাজস্য চিচ্ছেদাথ…বা নি।

ভিন্নমর্ম্মা শরব্রাতৈশ্ছিন্নহস্তঃ স বারণঃ।
ভীমমার্ত্তস্বরং কৃত্বা পপাত চ মমার চ ॥৪১॥
এতদীদৃশকং কৃত্বা মদ্ররাজো নরাধিপ!।
আরুরোহ রথং তূর্ণং ভাস্বরং কৃতবর্ম্মণঃ ॥৪২॥
উত্তরং বৈ হতং দৃষ্ট্বা বৈরাটির্ভ্রাতরং তদা।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥৪৩॥
শ্বেতঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥৪৪॥
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং বলী।
মহতা রথবংশেন সমন্তাৎ পরিবারিতঃ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভিন্নেতি। ভিন্নমর্ম্মা পূর্ব্বমেব, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, ছিন্নহস্তশ্ছিন্নশুণ্ডঃ ॥৪১॥

এতদিতি। এতৎ উত্তরবধকার্য্যম্। ভাস্বরমুজ্জ্বলম্ ॥৪২॥

উত্তরমিতি। বৈরাটিঃ বিরাটস্থাপরঃ পুত্রঃ শ্বেতো নাম। তৃতীয়পাদে অক্ষরাধিক্য-মার্ষম্। হব্যবাট্ অগ্নিঃ। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। রথানাং বংশেন সমূহেন ॥৪৩—৪৫॥

ভারতভাবদীপঃ

শুণ্ডাগ্রেণ ॥৩৫॥ তস্য বেগমিতি সম্বন্ধঃ। রথে রথোপরি ॥৩৬॥ তস্য শল্যস্য বৃহতঃ পুষ্টান্ সাধুবাহিনঃ সম্যগ্‌বহনশীলান্ ॥৩৭—৩৮॥ তমঃ মোহম্, প্রমুক্তং হস্তাদ্‌গলিতমঙ্কুশাদিকং যস্য ॥৩৯—৪২॥ হতং শক্তিপ্রহারেণ, বৈরাটিঃ শঙ্খঃ ॥৪৩—৬৭॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

বহুতর বাণের আঘাতে পূর্ব্বেই সে হস্তীটার মর্ম্ম বিদীর্ণ হইয়াছিল, পরে আবার শুণ্ড ছিন্ন হইল বলিয়া সে হস্তী ভয়ঙ্কর আর্ত্তনাদ করিয়া ভূতলে পতিত হইল এবং প্রাণত্যাগ করিল ॥৪১॥

নরনাথ! মদ্ররাজ শল্য এইরূপ এই কার্য্য করিয়া সত্বর যাইয়া কৃতবর্ম্মার উজ্জ্বলরথে আরোহণ করিলেন ॥৪২॥

তখন বিরাটরাজার অপর পুত্র শ্বেত, ভ্রাতা উত্তরকে নিহত দেখিয়া এবং শল্যকে কৃতবর্ম্মার সহিত অবস্থিত দর্শন করিয়া, ঘৃতদ্বারা অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন। তখন বলবান্ সেই শ্বেত, মদ্ররাজ শল্যকে বধ করিবার

---

(৪১)…শরশতৈঃ…রা নি। (৪৪) ইতঃ শ্লোকাৎ প্রভৃত্যানপকাশতমাধ্যায়পঞ্চবিংশতি-তমশ্লোকপর্য্যন্তো গ্রন্থঃ পিতামহপুস্তকে বর্দ্ধমানরাজপুস্তকে চ ন দৃশ্যতে, অন্যত্র তু সর্বত্রৈব পরিলক্ষ্যতে। সঙ্গচ্ছতে চাসৌ বিরাটস্য বহুপুত্রত্বাৎ।

মুঞ্চন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥৪৬॥
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজমভীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্! শল্যপুত্রঃ প্রতাপবান্ ॥৪৮॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
নানাবর্ণবিচিত্রাণি ধনূংষি চ মহাত্মনাম্।
বিস্ফারিতানি দৃশ্যন্তে তোয়দেষ্বিব বিদ্যুতঃ ॥৫০॥
তে তু বাণময়ং বর্ষং শ্বেতমূর্দ্ধন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥৫১॥

ভারতকৌমুদী

মুঞ্চন্নিতি। মত্তবারণবিক্রমং মত্তহস্তিতুল্যবিক্রমম্। তাবকানাং ত্বৎপক্ষীয়সৈন্যানাং মধ্যে। অভীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৪৬—৪৭॥

বৃহদ্বল ইতি। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥৪৮—৪৯॥

নানেতি। মহাত্মনাং বৃহদ্বলাদীনাং সপ্তানাম্। দৃশ্যন্তে স্ম, তোয়দেষু মেঘেষু ॥৫০॥

ত ইতি। নিদাঘান্তে বর্ষাকালাবসানে, অনিলোদ্ধূতা বায়ুচালিতাঃ, নগে পর্বতে ॥৫১॥

ইচ্ছায় ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনু বিস্ফারিত করিয়া, সকল দিকে বিশাল রথিসমূহে বেষ্টিত হইয়া ধাবিত হইলেন ॥৪৩—৪৫॥

এবং বাণবর্ষণ করিতে থাকিয়া, শল্যের রথের দিকে গমন করিলেন। সেই সময়ে মত্ত হস্তীর তুল্য বিক্রমশালী শ্বেতকে আসিতে দেখিয়া আপনার পক্ষের সাত জন রথী, মৃত্যুর দন্তাভ্যন্তরবর্ত্তী শল্যকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে সকল দিকে বেষ্টন করিলেন ॥৪৬—৪৭॥

রাজা। কোশলাধিপতি বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, শল্যের পুত্র প্রতাপশালী রুক্মরথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজাধিপতি সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ (এই সাত জন শল্যকে পরিবেষ্টন করিলেন) ॥৪৮—৪৯॥

ক্রমে মেঘের উপরে বিদ্যুতের ন্যায় সেই মহাবল সাত জন বীরের হস্তে সাতখানা ধনু বিস্ফারিত হইতে দেখা গেল ॥৫০॥

ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য মমর্দ্দ পৃতনাপতিঃ।
নিকৃত্তান্যেব তানি স্ম সমদৃশ্যন্ত ভারত ! ॥৫২॥
ততস্তে তু নিমেষার্দ্ধাৎ প্রত্যপদ্যন্ ধনূংষি চ।
সপ্ত চৈব পৃষৎকাংশ্চ শ্বেতস্যোপর্য্যপাতয়ন্ ॥৫৩॥
ততঃ পুনরমেয়াত্মা ভল্লৈঃ সপ্তভিরাশুগৈঃ।
নিচকর্ত্ত মহাবাহুস্তেষাং চাপানি ধন্বিনাম্ ॥৫৪॥
তে নিকৃত্তমহাচাপাস্ত্বরমাণা মহারথাঃ।
রথশক্তীঃ পরামৃশ্য বিনেদুর্ভৈরবান্ রবান্।
অন্বযুর্ভরতশ্রেষ্ঠ ! সপ্ত শ্বেতরথং প্রতি ॥৫৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মমর্দ্দ তান্ সপ্তৈব পীড়য়ামাস, পৃতনাপতির্ভূতপূর্ববিরাটসেনাপতিঃ শ্বেতঃ। নিকৃত্তান্যেব ছিন্নান্যেব, তানি ধনূংষি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তত ইতি। প্রত্যপদ্যন্ অগৃহ্নন্, ধনূংষি অপরাণি। পৃষৎকান্ বাণান্ ॥৫৩॥

তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়ধৈর্য্যঃ শ্বেতঃ। আশুগৈর্দ্রুতগামিভিঃ ॥৫৪॥

ত ইতি। পরামৃশ্য। অন্বযুর্জগ্মুঃ, সপ্তরথশক্তয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥

বর্ষাকাল অতীত হইলে বায়ুসঞ্চালিত মেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা শ্বেতের মস্তকের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫১॥

ভরতনন্দন! তৎপরে মহাধনুর্দ্ধর বিরাটসেনাপতি শ্বেত ক্রুদ্ধ হইয়া অতিসুধার সাতটা ভল্লদ্বারা বৃহদ্বলপ্রভৃতি সাত জনের সাতখানা ধনু ছেদন করিয়া তাঁহাদিগকে পীড়ন করিলেন; আমরা তখন সে ধনুগুলিকে ছিন্নই দেখিলাম ॥৫২॥

তাহার পর তাঁহারা নিমেষার্দ্ধমধ্যে অপর সাতখানা ধনু গ্রহণ করিলেন এবং শ্বেতের উপরে সাতটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫৩॥

তদনন্তর অসাধারণ ধৈর্য্যশালী ও মহাবাহু শ্বেত পুনরায় দ্রুতগামী সাতটা ভল্লদ্বারা সেই ধনুর্দ্ধরগণের ধনুগুলি ছেদন করিলেন ॥৫৪॥

বিশাল ধনুগুলি ছিন্ন হইলে সেই মহারথেরা সত্বর রথশক্তি নিক্ষেপ করিয়া ভয়ঙ্কর গর্জ্জন করিলেন। ভরতশ্রেষ্ঠ! তখন সেই সাতটা রথশক্তিই শ্বেতের রথের দিকে গমন করিতে লাগিল ॥৫৫॥

ততস্তা জ্বলিতাঃ সপ্ত মহেন্দ্রাশনিনিস্বনাঃ।
অপ্রাপ্তাঃ সপ্তভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমাস্ত্রবিৎ ॥৫৬॥
ততঃ সমাদায় শরং সর্ব্বকায়বিদারণম্।
প্রাহিণোত্তরতশ্রেষ্ঠ! শ্বেতো রুক্মরথং প্রতি ॥৫৭॥
তস্য দেহে নিপতিতো বাণো বজ্রাতিগো মহান্।
ততো রুক্মরথো রাজন্! সায়কেন দৃঢ়াহতঃ ॥৫৮॥
নিষসাদ রথোপস্থে কশ্মলং চাবিশন্মহৎ।
তং বিসংজ্ঞং বিমনসং ত্বরমাণস্তু সারথিঃ ॥৫৯॥
অপোবাহ নসংভ্রান্তঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ।
ততোঽন্যান্ ষট্ সমাদায় শ্বেতো হেমবিভূষিতান্ ॥৬০॥
তেষাং ষণ্ণাং মহাবাহুর্ধ্বজশীর্ষাণ্যপাতয়ৎ।
হয়াংশ্চ তেষাং নির্ভিদ্য সারথীংশ্চ পরন্তপ! ॥৬১॥
শরৈশ্চৈতান্ সমাকীর্য্য প্রায়াচ্ছল্যরথং প্রতি।
ততো হলহলাশব্দস্তব সৈন্যেষু ভারত! ॥৬২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তা রথশক্তীঃ। অপ্রাপ্তা অনাগতা এব। পরমাস্ত্রবিৎ শ্বেতঃ ॥৫৬॥

তত ইতি। প্রাহিণোৎ ক্ষিপৎ। রুক্মরথং তদাখ্যং শল্যপুত্রম্ ॥৫৭॥

তস্যেতি। বজ্রাতিগো বজ্রাধিকবেগঃ। নিষসাদ উপবিবেশ, কশ্মলং মোহম্। আদৌ বিমনসং বিকৃতচিত্তম্, অনন্তরঞ্চ বিসংজ্ঞম্। অপোবাহ শ্বেতসম্মুখাদপসারয়ামাস, নসংভ্রান্তো ধীরচিত্তঃ। নভ্রাজাদিত্বান্নঞঃ প্রকৃতিবদ্ভাবঃ। ষট্ শরান্। ধ্বজশীর্ষাণি ধ্বজোপরিভাগান্। সমাকীর্য্য আচ্ছাদ্য। হলহলাশব্দ আশঙ্কাসূচক আসীৎ ॥৫৮—৬২॥

তখন ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী ও প্রজ্বলিত সেই সাতটা শক্তি না আসিতেই পরমাস্ত্রবিৎ শ্বেত সাতটা ভল্লদ্বারা সেগুলিকে ছেদন করিলেন ॥৫৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শ্বেত সকলের দেহবিদারণক্ষম একটা বাণ গ্রহণ করিয়া সেটাকে রুক্মরথের প্রতি নিক্ষেপ করিলেন ॥৫৭॥

তখন বজ্র অপেক্ষা অধিক বেগবান্ সেই মহাবাণটা যাইয়া রুক্মরথের দেহে নিপতিত হইল। রাজা! তৎপরে রুক্মরথ সেই বাণদ্বারা অত্যন্ত আহত হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং অত্যন্ত মোহাপন্ন হইলেন; এই সময়ে তাঁহার সারথি অস্থির না হইয়া সত্বরই বিকৃতচিত্ত ও মূর্চ্ছিতপ্রায় রুক্ম-

(৫৮)···দৃঢ়ং হতঃ—বা। (৬০) অপোবাহ লব্ধসংজ্ঞঃ···বা। (৬২) শরৈশ্চৈনান্···বা।

দৃষ্ট্বা সেনাপতিং তূর্ণং যান্তং শল্যরথং প্রতি।
ততো ভীষ্মং পুরস্কৃত্য তব পুত্রো মহাবলঃ ॥৬৩॥
বৃতস্তু সর্বসৈন্যেন প্রায়াচ্ছ্বেতরথং প্রতি।
মৃত্যোরাস্যমনুপ্রাপ্তং মদ্ররাজমমোচয়ৎ ॥৬৪॥ (যুগ্মকম্)
ততো যুদ্ধং সমভবত্তুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরথদ্বিপম্ ॥৬৫॥
সৌভদ্রে ভীমসেনে চ সাত্যকৌ চ মহারথে।
কৈকেয়ে চ বিরাটে চ ধৃষ্টদ্যুম্নে চ পার্ষতে ॥৬৬॥
এতেষু নরসিংহেষু চেদিমৎস্যেষু চৈব হ।
ববর্ষ শরবর্ষাণি কুরুবৃদ্ধঃ পিতামহঃ ॥৬৭॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সেনাপতিং শ্বেতম্। পুত্রো দুর্য্যোধনঃ। আস্যং মুখম্ ॥৬৩—৬৪॥
তত ইতি। ব্যতিষক্তং পরস্পরং মিলিতং রথদ্বিপং রথিনো হস্ত্যারোহিণশ্চ যত্র তৎ ॥৬৫॥
সৌভদ্র ইতি। কৈকেয়ে কৈকেয়ভ্রাতৃপঞ্চকে। পিতামহো ভীষ্মঃ ॥৬৬—৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

রথকে সকলের সমক্ষেই সেস্থান হইতে সরাইয়া লইয়া গেল। তাহার পর মহাবাহু শ্বেত স্বর্ণালঙ্কৃত অন্য ছয়টা বাণ লইয়া অপর ছয় জনের ধ্বজের ঊর্দ্ধভাগ কাটিয়া ফেলিলেন এবং শত্রুতাপন ভরতনন্দন। বাণদ্বারা তাঁহাদের অশ্ব ও সারথিদিগকে বিদীর্ণ করিয়া, আর উঁহাদিগকে আবৃত করিয়া শল্যের রথের দিকে ধাবিত হইলেন। তৎপরে আপনার সৈন্যগণের মধ্যে হলহলাশব্দ হইতে লাগিল ॥৫৮—৬২॥

বিরাটসেনাপতি শ্বেত সত্বর শল্যের রথের দিকে গমন করিতেছেন দেখিয়া আপনার পুত্র মহাবল দুর্য্যোধন ভীষ্মকে সম্মুখে রাখিয়া সমস্ত সৈন্যে পরিবেষ্টিত হইয়া শ্বেতের রথের দিকে ধাবিত হইলেন এবং মৃত্যুর মুখপ্রবিষ্ট শল্যকে মুক্ত করিলেন ॥৬৩—৬৪॥

তাহার পর আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের রথিসৈন্য ও হস্ত্যারোহিসৈন্য পরস্পর মিলিত হইল এবং তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৬৫॥

---

(৬৭)···চৈব হি···বৃদ্ধঃ কুরুপিতামহঃ—বা ব।

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

——:*:——

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং শ্বেতে মহেষ্বাসে প্রাপ্তে শল্যরথং প্রতি।
কুরবঃ পাণ্ডবেয়াশ্চ কিমকুর্বত সঞ্জয়!।
ভীষ্মঃ শান্তনবঃ কিং বা তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥১॥

সঞ্জয় উবাচ।

রাজন্! শতসহস্রাণি ততঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
শ্বেতং সেনাপতিং শূরং পুরস্কৃত্য মহারথাঃ ॥২॥
রাজ্ঞো বলং দর্শয়িন্তস্তব পুত্রস্য ভারত!।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ত্রাতুমৈচ্ছন্মহারথাঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। মহেষ্বাসে মহাধানুষ্কে। কিংবা অকুর্বত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

রাজন্নিতি। সেনাপতিং বিরাটস্যৈব, "শ্বেতন্তু নিহতং দৃষ্ট্বা বিরাটস্য চমূপতিম্" ইতি বক্ষ্যমাণবচনাৎ। ক্ষত্রিয়পুঙ্গবাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। বলং স্বশক্তিম্। ত্রাতুং শ্বেতম্ ॥২—৩॥

এদিকে অভিমন্যু, ভীমসেন, মহারথ সাত্যকি, কেকয়দেশীয় পঞ্চভ্রাতা, বিরাট ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন এই সকল নরশ্রেষ্ঠের উপরে এবং চেদিদেশীয় ও মৎস্যদেশীয় সৈন্যগণের উপরে কুরুবৃদ্ধ ভীষ্ম বাণবর্ষণ করিতে লাগিলেন' ॥৬৬-৬৭॥

——০:*:০——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমি জিজ্ঞাসা করিতেছি—মহাধনুর্দ্ধর শ্বেত এই ভাবে শল্যের রথের দিকে ধাবিত হইলে কৌরবেরা ও পাণ্ডবেরা কি করিলেন এবং শান্তনুনন্দন ভীষ্মই বা কি করিলেন, তাহা তুমি আমার নিকট বল' ॥১॥

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন রাজা! তাহার পর পাণ্ডবপক্ষীয় শতসহস্র মহারথ ক্ষত্রিয়শ্রেষ্ঠ, বীর ও বিরাটসেনাপতি শ্বেতকে অগ্রবর্তী করিয়া, আপনার পুত্র দুর্য্যোধনকে আপনাদের শক্তি দেখাইতে থাকিয়া, শিখণ্ডীকে সম্মুখে রাখিয়া, শ্বেতকে রক্ষা করিবার ইচ্ছা করিলেন ॥২—৩॥

---

(২)···শ্বেতং সেনাপতিং শূরাঃ··বা ব।

অভ্যবর্ত্তন্ত ভীষ্মস্য রথং হেমপরিষ্কৃতম্ ।
জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তদাসীত্তুমুলং মহৎ ॥৪॥
ততোঽহং সম্প্রবক্ষ্যামি মহাবৈশসমদ্ভুতম্ ।
তাবকানাং পরেষাঞ্চ যথা যুদ্ধমবর্ত্তত ॥৫॥
তত্রাকরোদ্রথোপস্থান্ শূন্যান্ শান্তনবো বহূন্ ।
তত্রাদ্ভুতং মহচ্চক্রে শরৈরাচ্ছ্দ্রথোত্তমান্ ॥৬॥
সমাবৃণোচ্ছরৈরর্কমর্কতুল্যপ্রতাপবান্ ।
নুদন্ সমন্তাৎ সমরে রবিরুগ্মান্ যথা তমঃ ॥৭॥
তেনাজৌ প্রেষিতা রাজন্ ! শরাঃ শতসহস্রশঃ ।
ক্ষত্রিয়ান্তকরাঃ সংখ্যে মহাবেগা মহাবলাঃ ॥৮॥

ভারতকৌমুদী

অভীতি। জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তব পুত্রঞ্চ অভি লক্ষীকৃত্য। মহৎ যুদ্ধম্ ॥৪॥
তত ইতি। ততস্তৎ। মহৎ বৈশসং হিংসনং যত্র তৎ ॥৫॥
তত্রেতি। রথোপস্থান্ রথোপরিদেশান্। আচ্ছৎ আবৃণোৎ ॥৬॥
সমাবৃণোদিতি। নুদন্ বিপক্ষসৈন্যানপসারয়ন্ তমঃ অন্ধকারম্ ॥৭॥
তেনেতি। তেন ভীষ্মেন, আজৌ যুদ্ধে ; প্রেষিতা নিক্ষিপ্তাঃ। সংখ্যে যুদ্ধান্তরে ॥৮॥

তাঁহারা ভীষ্মের স্বর্ণালঙ্কৃত রথের এবং বিপক্ষবিনাশাভিলাষী যোদ্ধৃশ্রেষ্ঠ দুর্য্যোধনের অভিমুখে থাকিলেন ; তখন মহাতুমুল যুদ্ধ হইতে লাগিল ॥৪॥

তৎকালে আপনার পক্ষীয় সৈন্যগণের ও বিপক্ষীয় সৈন্যদিগের যেরূপ মহামারীজনক ও অদ্ভুত যুদ্ধ হইয়াছিল, তাহা আমি বলিব ॥৫॥

তখন ভীষ্ম বহু রথকে আরোহিশূন্য করিলেন, তাহার মধ্যে আবার এই কার্য্যটা বিশেষ অদ্ভুত করিলেন যে, বাণদ্বারা প্রধান প্রধান রথকে আবৃত করিয়া ফেলিলেন ॥৬॥

সূর্য্য উদিত হইতে থাকিয়া কিরণদ্বারা যেমন অন্ধকার অপসারিত করিতে থাকেন, সেইরূপ সূর্য্যের তুল্য প্রতাপশালী ভীষ্ম যুদ্ধে বিপক্ষসৈন্যদিগকে সকল দিকে অপসারিত করিতে থাকিয়া বাণদ্বারা সূর্য্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭॥

রাজা ! ভীষ্ম যুদ্ধে ক্ষত্রিয়নাশক এবং মহাবেগ ও মহাশক্তিশালী শত শত ও সহস্র সহস্র বাণ সমরাঙ্গনে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৮॥

(৫)···মহাবৈশসমচ্যুত !··রা নি। (৬)···শরৈরার্চ্ছদ্রথোত্তমঃ—বা।

পাতয়ামাস শূরাণাং শিরাংসি শতশো রণে।
রাজন্ কঙ্কটকাশ্চৈব বীরা বিগতমস্তকাঃ ॥৯॥
রথা রথেষু সংসক্তা ব্যদৃশ্যন্ত বিশাংপতে!।
রথো রথং পর্য্যবর্ত্তত্ তুরঙ্গস্তু তুরঙ্গমম্ ॥১০॥
যুবানং নিহতং বীরং লম্বমানং সকার্ম্মুকম্।
উদীর্ণাশ্চ হয়া রাজন্! বহন্তস্তত্র তত্র হ ॥১১॥
বদ্ধখড়্গনিষঙ্গাশ্চ বিধ্বস্তশিরসো হতাঃ।
শতশঃ পতিতা ভূমৌ বীরশয্যাসু শেরতে ॥১২॥
পরস্পরেণ ধাবন্তঃ পতিতাঃ পুনরুত্থিতাঃ।
উত্থায় চ প্রধাবন্তো দ্বন্দ্বযুদ্ধমবাপ্নুবন্ ॥১৩॥

ভারতকৌমুদী

পাতয়েতি। কঙ্কটকাঃ কবচাঃ, "উরশ্ছদঃ কঙ্কটকো জগরঃ কবচোঽস্ত্রিয়াম্" ইত্যমরঃ ॥৯॥
রথা ইতি। সংসক্তাঃ সংলগ্নাঃ। পর্য্যবর্ত্ত আরোহৎ ॥১০॥
যুবানমিতি। উদীর্ণা উৎপ্লুতাঃ, হয়া অশ্বাঃ ॥১১॥
বদ্ধেতি। বদ্ধ খড়্গনিষঙ্গা ধৃতাসিতূণীরা এব, বিধ্বস্তশিরসশ্ছিন্নমস্তকাঃ ॥১২॥
পরস্পরেণেতি। পরস্পরং প্রতীত্যর্থঃ, ধাবন্তো যোদ্ধারঃ ॥১৩॥

ভীষ্ম যুদ্ধে বীরগণের শত শত মস্তক নিপাতিত করিতে থাকিলেন; তাহাতে সেই বীরগণ কবচাবৃতদেহ থাকিয়াও মস্তকবিহীন হইতে লাগিলেন ॥৯॥

নরনাথ! কোন কোন স্থানে দেখা গেল—রথগুলি যাইয়া অন্যান্য রথে লাগিয়াছে এবং কোন রথ অন্য রথের উপরে উঠিয়াছে, আর কোন অশ্ব অপর অশ্বের উপরে আরোহণ করিয়াছে ॥১০॥

রাজা! কোন তরুণ বীর নিহত হইয়া ধনু ধারণ করিয়াই আপন রথে ঝুলিতে লাগিল; তখন তাহার ঘোড়াগুলি লাফাইয়া লাফাইয়া নানাস্থানে তাহাকে বহন করিয়া লইয়া চলিল ॥১১॥

তরবারি ও তূণীরধারী শত শত বীর মস্তক ছিন্ন হওয়ায় নিহত ও ভূতল-পতিত হইয়া বীরশয্যায় শয়ন করিতে লাগিলেন ॥১২॥

বহু সৈন্য পরস্পরের প্রতি ধাবিত হইয়া পড়িয়া গেল, আবার উঠিল এবং আবার উঠিয়া দৌড়াইয়া যাইয়া দ্বন্দ্বযুদ্ধ করিতে লাগিল ॥১৩॥

---

(৯) শিরাংসি পাতয়ামাস বীরাণাং শতশো রণে। গজান্ কণ্টকসন্নাহান্ বজ্রেণেব শিলোচ্চয়ান্ ॥—রা নি। (১০)···একে রথঃ পর্য্যবহংস্তুরগাঃ সতুরঙ্গমম্—রা নি। (১১) সবলং নিহতং বীরম্···বা ব।

পীড়িতাঃ পুনরন্যোন্যং লুঠন্তো রণমূর্দ্ধনি।
সচাপাঃ সনিষঙ্গাশ্চ জাতরূপপরিষ্কৃতাঃ ॥১৪॥
বিস্রব্ধহতবীরাশ্চ শতশঃ পরিপীড়িতাঃ।
তেন তেনাভ্যধাবন্ত বিসৃজন্তশ্চ ভারত ! ॥১৫॥ (যুগ্মকম্)
মত্তো গজঃ পর্য্যবর্ত্তদ্ধয়াংশ্চ হতসাদিনঃ।
সরথা রথিনশ্চাপি বিমৃদ্নন্তঃ সমন্ততঃ ॥১৬॥
স্যন্দনাদপতৎ কশ্চিন্নিহতোঽন্যেন সায়কৈঃ।
হতসারথিরপ্যুচ্চৈঃ পপাত কাষ্ঠবদ্রথঃ ॥১৭॥
যুধ্যমানস্য সংগ্রামে ব্যূঢ়ে রজসি চোত্থিতে।
ধনুঃ কূজিতবিজ্ঞানং তত্রাসীৎ প্রতিযুধ্যতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

পীড়িতা ইতি। সনিষঙ্গাঃ সতূণীরাঃ, জাতরূপপরিষ্কৃতাঃ স্বর্ণভূষণভূষিতাঃ। বিস্রব্ধং বিপক্ষা এবামী ইতি বিশ্বাসযুক্তং যথা স্যাত্তথা হতা বিপক্ষীয়া বীরা যৈস্তে। তেন তেন মার্গেণ। বিসৃজন্তঃ অস্ত্রাণি ক্ষিপন্তঃ ॥১৪—১৫॥

মত্ত ইতি। মত্তো গজঃ, হতাঃ সাদিন আরোহিণো যেষাং তান্, হয়ানশ্বান্, পরি লক্ষী-কৃত্য, অবর্ত্তৎ অধাবৎ। সরথা রথিনশ্চাপি, সমন্ততঃ, বিমৃদ্নন্তো ভূপতিতান্ সৈন্যান্ মর্দ্দয়ন্তঃ, পর্য্যবর্ত্তন্তেতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১৬॥

স্যন্দনাদিতি। স্যন্দনাৎ রথাৎ। পপাত রথান্তরসংঘট্টাত্তির্য্যগ্‌ভাবেন ॥১৭॥

যুধ্যেতি। ব্যূঢ়ে গাঢ়ে। ধনুষঃ কূজিতেন অব্যক্তশব্দেন বিজ্ঞানমবগতিঃ ॥১৮॥

ভরতনন্দন! আবার সৈন্যেরা সমরাঙ্গনে লুণ্ঠিত হইয়া পরস্পর পীড়ন করিতে থাকিল। কোন কোন স্থানে স্বর্ণভূষণে ভূষিত এবং ধনু ও তূণধারী বীরগণ বিশ্বস্তভাবে বিপক্ষ বীরগণকে সংহার করিয়া, আবার অপর বিপক্ষকর্ত্তৃক শত শত ভাবে প্রহৃত হইয়া, অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া নানাপথে ধাবিত হইতে লাগিল ॥১৪—১৫॥

মত্ত হস্তিগণ আরোহিশূন্য অশ্বগণের প্রতি ধাবিত হইতে থাকিল এবং রথীরা রথের সহিত সকল দিকে ভূতলপতিত সৈন্যদিগকে মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিল ॥১৬॥

কেহ অন্যের বাণে নিহত হইয়া রথ হইতে পতিত হইল, কোথাও সারথি-শূন্য কোন উচ্চ রথ অন্য রথের ধাক্কায় কাঠের ন্যায় কাৎ হইয়া পড়িয়া গেল ॥১৭॥

সমরাঙ্গনে গাঢ় ধূলিজাল উত্থিত হইলে কোন যোদ্ধা ধনুর অব্যক্ত শব্দে প্রতিযোদ্ধাকে বুঝিতে থাকিল ॥১৮॥

গাত্রস্পর্শেন যোধানাং ব্যজ্ঞাস্ত পরিপন্থিনম্।
যুধ্যমানং শরৈঃ রাজন্! শিঞ্জিনীধ্বজিনীরবাৎ ॥১৯॥
অন্যোন্যং বীরসংশব্দো নাশ্রূয়ত ভটৈঃ কৃতঃ।
শব্দায়মানে সংগ্রামে পটহে কর্ণদারিণি ॥২০॥
যুধ্যমানস্তু সংগ্রামে কুর্বতঃ পৌরুষং স্বকম্।
নাশ্রৌষং নামগোত্রাণি কীর্ত্তনঞ্চ পরস্পরম্ ॥২১॥
ভীষ্মচাপচ্যুতৈর্বাণৈরার্ত্তানাং যুধ্যতাং মৃধে।
পরস্পরেষাং বীরাণাং মনাংসি সমকম্পয়ন্ ॥২২॥
তস্মিন্নত্যাকুলে যুদ্ধে দারুণে রোমহর্ষণে।
পিতা পুত্রঞ্চ সমরে নাভিজানাতি কশ্চন ॥২৩॥
চক্রে ভগ্নে যুগে ছিন্নে একধুর্য্যো হয়ে হতঃ।
আক্ষিপ্তঃ স্যন্দনাদ্বীরঃ সসারথিরজিহ্মগৈঃ ॥২৪॥

ভারতকৌমুদী

গাত্রেতি। ব্যজ্ঞাস্ত অবুধ্যত। শিঞ্জিনী গুণস্তু ধ্বজিন্যাং সেনায়াং যো রবস্তস্মাৎ ॥১৯॥
অন্যোন্যমিতি। বীরসংশব্দঃ সিংহনাদাদিঃ। ভটৈর্যোধৈঃ। পটহে ঢক্কায়াম্ ॥২০॥
যুধ্যেতি। নাশ্রৌষম্, পটহশব্দাদেব। কীর্ত্তনং গর্ব্বালাপম্ ॥২১॥
ভীষ্মেতি। মৃধে যুদ্ধে। সমকম্পয়ন্ তে বাণা এব দৃশ্যমানাঃ ॥২২॥
তস্মিন্নিতি। অত্যাকুলে অতিসঙ্কুলে। নাভিজানাতি স্ম রজসাবৃতত্বাৎ ॥২৩॥

কোন কোন যোদ্ধা গাত্রস্পর্শে বিপক্ষদিগকে চিনিতে লাগিল, আবার কেহ কেহ জ্যাশব্দ শুনিয়া বাণযোদ্ধাকে স্থির করিতে থাকিল ॥১৯॥

সমরাঙ্গনে কর্ণবিদারক ঢক্কাশব্দ হইতে থাকিলে, যোদ্ধাদের পরস্পর বীরনাদ শুনা যাইতে লাগিল না ॥২০॥

বীরগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া আপন আপন পুরুষকার প্রকাশ করিতে থাকিয়া পরস্পর নাম, গোত্র ও বীরদর্পের কথা বলিতে লাগিলেও ঢাকের শব্দে আমি সে সকল শুনিতে পাই নাই ॥২১॥

যুদ্ধে ভীষ্মের ধনু হইতে নির্গত বাণ সকল যাইয়া যোদ্ধৃগণকে পীড়ন করিতে লাগিলে উভয়পক্ষের বীরগণের হৃদয়ই কম্পিত হইতে লাগিল ॥২২॥

অতিসঙ্কুল, দারুণ ও রোমহর্ষণ সেইরূপ যুদ্ধ চলিতে থাকিলে, কোন পিতাই পুত্রকে চিনিতে পারেন নাই ॥২৩॥

(২১)…নাশ্রৌষীন্নামগোত্রোক্তিম্…বা। (২৩) তস্মিন্ নিরাকুলে…পিতা স্বমৌরসং পুত্রম্…বা ব। (২৪) চক্রং ভগ্নং যুগঞ্চৈব একো ধুর্য্যো হয়ো হতঃ…বা।

এবঞ্চ সমরে সর্ব্বে বীরাশ্চ বিরথীকৃতাঃ।
তেন তেন স্ম দৃশ্যন্তে ধাবমানাঃ সমন্ততঃ ॥২৫॥
গজো হতঃ শিরশ্ছিন্নং মর্ম্ম ভিন্নং হয়ো হতঃ।
অহতঃ কোঽপি নৈবাসীদ্ভীষ্মে নিঘ্নতি শাত্রবান্ ॥২৬॥
শ্বেতঃ কুরূণামকরোৎ ক্ষয়ং তস্মিন্ মহাহবে।
রাজপুত্রান্ রথোদারানবধীচ্ছতসংঘশঃ ॥২৭॥
চিচ্ছেদ রথিনাং বাণৈঃ শিরাংসি ভরতর্ষভ !।
সাঙ্গদা বাহবশ্চৈব ধনূংষি চ সমন্ততঃ ॥২৮॥
রথেশাং রথচক্রাণি তূণীরাণি যুগানি চ।
ছত্রাণি চ মহার্হাণি পতাকাশ্চ বিশাংপতে ! ॥২৯॥

ভারতকৌমুদী

চক্র ইতি। যুগে রথস্থ দারুবিশেষে, একধুর্য্যে একমাত্রভারবাহিনি হয়ান্তরনাশাৎ, হয়ে অশ্বে। আক্ষিপ্তঃ পতিতঃ, স্যন্দনাৎ রথাৎ, অজিহ্মগৈর্ভীষ্মস্যৈব বাণৈঃ ॥২৪॥

এবমিতি। বিরথীকৃতা ভীষ্মেণৈব। তেন তেন মার্গেণ ॥২৫॥

গজ ইতি। শিরশ্ছিন্নম্ আরোহিণঃ। ভিন্নং বিদীর্ণম্। অহতঃ অনাহতঃ ॥২৬॥

শ্বেত ইতি। শ্বেতঃ পূর্ব্বোক্তবিরাটসেনাপতিঃ। রথোদারান্ রথিশ্রেষ্ঠান্ ॥২৭॥

চিচ্ছেদেতি। চিচ্ছেদ শ্বেতঃ। সাঙ্গদাঃ সকেয়ূরা বাহবশ্ছিন্নাঃ, ধনূংষি চ ছিন্নানি ॥২৮॥

ভীষ্মের বাণে চক্র ভগ্ন, যুগ ছিন্ন এবং অবশিষ্ট একমাত্র অশ্বও নিহত হইলে, রথের আরোহী বীর ও সারথি নিহত হইয়া রথ হইতে পতিত হইতে থাকিল ॥২৪॥

ভীষ্ম যুদ্ধে এইভাবে সকল বীরকেই রথবিহীন করিলে, দেখিলাম—তাঁহারা নানাদিকে ভিন্ন ভিন্ন পথে ছুটাছুটি করিতে লাগিলেন ॥২৫॥

ভীষ্ম শত্রুসংহার করিতে লাগিলে হস্তী নিহত, মস্তক ছিন্ন, হৃদয় বিদীর্ণ এবং অশ্ব বিনষ্ট হইতে থাকিল ; এমন কি কেহই অনাহত থাকিল না ॥২৬॥

এই সময়ে সেই মহাযুদ্ধে বিরাটসেনাপতি শ্বেতও কৌরবপক্ষের ক্ষয় করিতে লাগিলেন ; তিনিও শত শত রথিশ্রেষ্ঠ রাজপুত্রকে বধ করিলেন ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ ! শ্বেত বাণদ্বারা সকল দিকের রথিগণের মস্তক, কেয়ূরের সহিত বাহু এবং ধনু ছেদন করিতে লাগিলেন ॥২৮॥

---

(২৪) বিধুরে ভিন্নচক্রে চ রথে চ বিবশীকৃতে…যোধমানাঃ পরস্পরম্—বা। (২৬) যো হতঃ শিরসা ছিন্নো মর্মভিন্নিহতো হতঃ…বা। (২৭)…স্বয়ং তস্মিন্…বা। (২৯) রথেষাম্…বা নি।

হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চৈব ভারত ! ।
বারণাঃ শতশশ্চৈব হতাঃ শ্বেতেন ভারত ! ॥৩০॥
বয়ং শ্বেতভয়াস্তীতা বিহায় রথসত্তমম্ ।
অপযাতাস্তথা পশ্চাদ্বিভুং পশ্যাম ধৃষ্ণবঃ ॥৩১॥
শরপাতমতিক্রম্য কুরবঃ কুরুনন্দন ! ।
ভীষ্মং শান্তনবং যুদ্ধে স্থিতাঃ পশ্যাম সর্বশঃ ॥৩২॥
অদীনো দীনসময়ে ভীষ্মোঽস্মাকং মহাহবে ।
একস্তস্থৌ নরব্যাঘ্রো গিরির্মেরুরিবাচলঃ ॥৩৩॥
আদদান ইব প্রাণান্ সবিতা শিশিরাত্যয়ে ।
গভস্তিভিরিবাদিত্যস্তস্থৌ শরমরীচিমান্ ॥৩৪॥

ভারতকৌমুদী

রথেশামিতি। রথস্য ঈশাং দারুবিশেষম্, চিচ্ছেদ শ্বেত ইত্যন্বয়ঃ ॥২৯॥
হয়ৌঘা ইতি। বারণা হস্তিনঃ ॥৩০॥
বয়মিতি। বিভুং রাজানং দুর্য্যোধনম্, ধৃষ্ণবঃ প্রগল্ভা অপি ॥৩১॥
শরেতি। শরপাতং শ্বেতস্য বাণপতনস্থানম্। সর্ব্বশঃ সর্ব্বে ॥৩২॥
অদীন ইতি। অদীনঃ অকাতরঃ, দীনসময়ে শ্বেতবিক্রমাৎ কাতরতাকালে ॥৩৩॥

নরনাথ! তিনি—রথের দণ্ড, চক্র ও যুগ এবং তূণীর, আর মহামূল্য ছত্র ও পতাকা সকল কাটিয়া ফেলিতে থাকিলেন ॥২৯॥

ভরতনন্দন! আর শ্বেত—অশ্ব, রথ ও সৈন্যসমূহ এবং শত শত হস্তী বধ করিলেন ॥৩০॥

এই সময়ে আমরা স্বভাবতঃ নির্ভয় হইয়াও শ্বেতের ভয়ে ভীত হইয়া উত্তম রথ ত্যাগ করিয়া যুদ্ধের পিছনে যাইয়া রাজা দুর্য্যোধনের সহিত সাক্ষাৎ করিলাম ॥৩১॥

কুরুনন্দন! আমরা কুরুপক্ষীয়েরা সকলেই শ্বেতের বাণপতনের স্থান অতিক্রম করিয়া যাইয়া সমরাঙ্গনে থাকিয়াই দূর হইতে শান্তনুনন্দন ভীষ্মকে দেখিতে লাগিলাম ॥৩২॥

আমাদের সেই কাতরতার সময়েও একমাত্র নরশ্রেষ্ঠ ভীষ্মই কাতর না হইয়া মহাযুদ্ধমধ্যে সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৩৩॥

শীতকাল অতীত হইলে সূর্য্য যেমন জল আকর্ষণ করেন, ভীষ্মও তেমনই বিপক্ষসৈন্যগণের প্রাণ হরণ করিতে থাকিয়া কিরণসমন্বিত সূর্য্যের ন্যায় বাণসমন্বিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৪॥

স মুমোচ মহেষ্বাসঃ শরসংঘাননেকশঃ।
নিঘ্নন্নমিত্রান্ সমরে বজ্রপাণিরিবাসুরান্ ॥৩৫॥
তে বধ্যমানা ভীষ্মেণ প্রজহুস্তং মহাবলম্।
স্বযূথাদিব তে যূথান্মুক্তং ভূমিষু দারুণম্ ॥৩৬॥
তমেবমুপলক্ষ্যৈকো হৃষ্টঃ পুষ্টঃ পরন্তপ !।
দুর্য্যোধনপ্রিয়ে যুক্তঃ পাণ্ডবান্ পরিশোচয়ন্ ॥৩৭॥
জীবিতং দুস্ত্যজং ত্যক্ত্বা ভয়ঞ্চ সুমহাহবে।
পাতয়ামাস সৈন্যানি পাণ্ডবানাং বিশাংপতে ! ॥৩৮॥
প্রহরন্তমনীকানি পিতা দেবব্রতস্তব।
দৃষ্ট্বা সেনাপতিং ভীষ্মস্ত্বরিতঃ শ্বেতমভ্যয়াৎ ॥৩৯॥

ভারতকৌমুদী

আদদান ইতি। গভস্তিভির্বিশিষ্টঃ। শরমরীচিমান্ ভীষ্মঃ ॥৩৪॥

স ইতি। স ভীষ্মঃ। নিঘ্নন্ বিনাশয়ন্, অমিত্রান্ শত্রূন্ ॥৩৫॥

ত ইতি। তে অমিত্রাঃ, ভীষ্মেণ বধ্যমানাঃ সন্তঃ, স্বযূথান্মুক্তং হস্তিনমিব, তে তব যূথাৎ সৈন্যসংঘাৎ, মুক্তং বিশ্লিষ্টং ভূমিষু দারুণং মহাবলং তং ভীষ্মং প্রজহুঃ ॥৩৬॥

তমিতি। তং শ্বেতম্, এবং স্বসৈন্যান্ বিনাশয়ন্তম্। যুক্তঃ অভিনিবিষ্টোঽভূৎ ॥৩৭॥

জীবিতমিতি। ত্যক্ত্বা ত্যাগোন্মুখং কৃত্বা। পাতয়ামাস ভীষ্ম ইতি শেষঃ ॥৩৮॥

প্রহরন্তমিতি। অনীকানি কৌরবসৈন্যানি। সেনাপতিং পাণ্ডবানাম্ ॥৩৯॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরগণকে বিনাশ করিতে থাকিয়া নানাবিধ বাণসমূহ নিক্ষেপ করিতেন, সেইরূপ মহাধনুর্দ্ধর ভীষ্মও যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে থাকিয়া নানাবিধ বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৫॥

